# প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শিত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত প্রতিশ্রুতি এবং নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন

মে/২০২২

শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা ১০টি এবং নির্দেশনার সংখ্যা ৬০টি। উক্ত ১০টি প্রতিশ্রুতির মধ্যে ১০টি প্রতিশ্রুতিই বাস্তবায়নাধীন। ৬০টি নির্দেশনার মধ্যে ইতিমধ্যে ৩২টি বাস্তবায়িত হয়েছে এবং ২৮টি নির্দেশনা বর্তমানে বাস্তবায়নাধীন আছে।

বাস্তবায়নাধীন ১০টি প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ :

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | টাংগাইল শিল্প পার্ক স্থাপন।<br><br>(প্রতিশ্রুতি নং-১)<br>৩০/৬/২০১২ খ্রি. | • প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিসিক শিল্প পার্ক টাঙ্গাইল শিরোনামে মির্জাপুর উপজেলার গোড়াই মোমিননগর মৌজায় ৫০ একর জমি নিয়ে প্রাথমিকভাবে ১৬৪.০০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং পরবর্তীতে "বিসিক শিল্প পার্ক, টাংগাইল (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ২৯৫৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ১৮ জুন ২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>মেয়াদ: জুলাই ২০১৫ হতে জুন ২০২২ পর্যন্ত | • প্রকল্পের পার্শ্ববর্তী খাস জমি হতে অবশিষ্ট জমি বুঝে নিয়ে জেলা প্রশাসন টাঙ্গাইল কর্তৃক ৪৯.৩৫ একর জমির পজেশন সরেজমিনে বুঝে নিয়ে সীমানা নির্ধারণ করা হয়েছে।<br>• প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ চলমান আছে এবং মাটি ভরাটের অগ্রগতি ৭৫%।<br>• প্রকল্পের আওতায় অধিগ্রহণকৃত জায়গায় বিদ্যমান গাছপালা নিলামের মাধ্যমে বিক্রয় করা হয়। বিক্রয়কৃত অর্থ চালানের মাধ্যমে বিসিক তহবিলে জমা দেয়া হয়েছে।<br>• ৯ম স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্তের আলোকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের কাজ চলমান আছে।<br>• প্রকল্পের মোট প্রকল্প ব্যয় ২৯৫৭৫.০০ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ব্যয় ২৩২১৬ লক্ষ টাকা।<br>• আর্থিক অগ্রগতির হার ৭৮.০৩% ও ও ভৌত অগ্রগতির হার ৭৮.৫০%। | বিসিক |
| ০২. | দক্ষিণাঞ্চল বিশেষ করে বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃ প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে। পায়রা বন্দরের নিকট ড্রাইডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(প্রতিশ্রুতি নং-২)<br>২২/০২/২০১১ খ্রি. | • মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় আধুনিক ও টেকসই পরিবেশবান্ধব জাহাজ পুনঃ প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য ১০৫.৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, বরগুনা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• বরগুনায় সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃপ্রক্রিয়াকরণজাত শিল্প গড়ে তোলার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>মেয়াদ: অক্টোবর ২০১৮ হতে ডিসেম্বর ২০২০ পর্যন্ত। | • অনুমোদিত প্রকল্প ব্যয় : ৪৯৮.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের অনুকূলে ক্রমপুঞ্জিত ব্যয় ২৯০.৫৯ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হার : আর্থিক ৫৮.৩৫% এবং বাস্তব ৬৫%।<br>• বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশ বান্ধব জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District শীর্ষক প্রকল্পে বিএসইসি কর্তৃক নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান Zentech Engineering, Korea কর্তৃক চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন দাখিল করা হয় এবং কার্যক্রম চলমান আছে। | বিএসইসি |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৩. | কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রাঙ্গাবালি উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ।<br><br>**(প্রতিশ্রুতি নং-৩)**<br><br>২৫/০২/২০১২ খ্রি. | • মাননীয় প্রধানমন্ত্রী ২৫.০২.২০১২ তারিখ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত একজন সভায় 'কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পটুয়াখালী জেলায় জাহাজ নির্মাণ শিল্প স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে এ শিল্প স্থাপনের নিমিত্ত অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে এবং নৌবাহিনীর সুপারিশের প্রেক্ষিতে পায়রা বন্দর এলাকাকে বাছাই করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমির CS, RS, BS পর্চা ও জমির তথ্য জেলা প্রশাসক, পটুয়াখালী-এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে।<br>• পাশাপাশি এ বিষয়ে পায়রা বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ৩১.০১.১৯ তারিখে পাওয়া গেছে।<br>• নৌ পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি প্রস্তাবিত স্থানটি পরিদর্শনপূর্বক জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের চাহিত ১০৫.০৫ একরের পরিবর্তে ১০০.০০ একর জমির অনাপত্তি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। | **বর্তমান অবস্থা :**<br>• পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় পায়রা বন্দর এলাকায় জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের লক্ষ্যে Gentium- Damen কনসোর্টিয়াম এবং বিএসইসি'র মধ্যে সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত সমঝোতা স্মারক গত ১৪/০১/২০২০ তারিখে স্বাক্ষরিত হয়। সম্ভাব্যতা সমীক্ষার কাজ শেষ হয়েছে এবং চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের খসড়া বিএসইসিতে দাখিল করা হয়েছে।<br>• Gentium-Damen কনসোর্টিয়াম কর্তৃক সম্পাদিত ফিজিবিলিটি রিপোর্টের কারিগরি দিকসমূহ মুল্যায়নের জন্য নেগোসিয়েশন পয়েন্ট নির্ধারণের লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে এবং কার্যক্রম চলমান আছে। | বিএসইসি |
| ০৪. | চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্পনগরী স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-৪)**<br><br>১৮/০২/২০১২ খ্রি. | প্রতিশ্রুতি অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মুছাপুর ইউনিয়নে ১০.০০ একর জমি নিয়ে ২৩৪৩.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।<br>মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ | • বিসিক শিল্পনগরী, সন্দ্বীপ প্রস্তাবিত প্রকল্পের উপর ২১/০৩/২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন গঠিত কমিটি একটি প্রতিবেদন দাখিল করেছে।<br>• সন্দ্বীপ উপজেলার অন্য কোন স্থানের অধিগ্রহণ উপযোগী জমি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সহযোগিতায় পুন:নির্ধারণের জন্য ২৪/০৪/২০২২ তারিখে প্রাথমিক সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত পুনরায় ০৭ সদস্যের কমিটি প্রস্তাব করা হয়েছে।<br>• নতুন জায়গার সম্মতি পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিসিক |
| ০৫. | রাজশাহী বিসিক শিল্প নগরীর সম্প্রসারণ, উন্নয়ন ও আধুনিকায়ন করা।<br>**(প্রতিশ্রুতি নং-৫)**<br>২৪/১১/২০১১ খ্রি. | • প্রতিশ্রুতি অনুযায়ী রাজশাহী জেলার পবা উপজেলার কচুয়াডোল – ললিতাহার মৌজায় ৫০ একর জমি নিয়ে "রাজশাহী বিসিক শিল্পনগরী-২" শিরোনামে প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>• 'রাজশাহী বিসিক শিল্পনগরী-২ (বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ০৩ জুলাই ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br>**মেয়াদ :জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০২১**<br>• **প্রকল্পটি মেয়াদ ডিসেম্বর ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | • প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন, বাউন্ডারি ওয়াল নির্মাণ, প্রধান গেইট নির্মাণ, ডিপ-টিউবওয়েল স্থাপন, ড্রেনেজ নির্মাণ, প্রশাসনিক ভবন নির্মাণ, ডাম্পিং ইয়ার্ড, অভ্যন্তরিণ রাস্তা নির্মাণসহ যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে।<br>• মোট প্রকল্প ব্যয় ১৭২৭০.০০ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ব্যয় ১৬৭৩৫.৫৭ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হার : আর্থিক ৯৭% এবং বাস্তব ১০০%।<br>• **প্রকল্পটি বাস্তবায়িত।** | বিসিক |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৬. | সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জে শিল্পপার্ক স্থাপন করা।<br><br>**(প্রতিশ্রুতি নং-৬)**<br>০৯/০৪/২০১১ খ্রি. | ■ তিশ্রুতিপ্র অনুযায়ী বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ শিরোনামে কালিয়া হরিপুর ও বনবাড়িয়া ইউনিয়নের মোরগ্রাম, টালটিয়া, পূর্ব মোহনপুর, ছাতিয়াল তলা, বনবাড়িয়া ৫টি মৌজায় ৪০০ একর জমিতে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান।<br>• বিসিক শিল্প পার্ক, সিরাজগঞ্জ (৩য় সংশোধিত)' প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি মোট ৭১৯২১.৪৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ২১/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে অনুমোদিত হয়।<br>মেয়াদ: জুলাই ২০১০ হতে জুন ২০২২ | • প্রকল্পের আওতায় মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের বাউন্ডারি ওয়াল ৬৭% সম্পন্ন হয়েছে, লেক রিজার্ভার নির্মাণ কাজ ৪%, অফিস ভবন নির্মাণ কাজ ৯৭%; ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৫২%, পাম্প ড্রাইভার কোয়ার্টার (পাম্প হাউজসহ) নির্মাণ কাজ ৬৫% সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের ড্রেন নির্মাণ কাজ ২১%, পানির পাইপ লাইন নির্মাণ কাজ ৬৫% ,গভীর নলকূপ নির্মাণ কাজ ৫২% , রাস্তা নির্মাণ কাজ ১০% সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পের বাউন্ডারি ওয়ালের অবশিষ্ট অংশের নির্মাণ কাজ ইতোমধ্যে শুরু হয়েছে।<br>• প্রকল্পের মেইন গেইট নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। শীঘ্রই নির্মাণ কাজ শুরু হবে।<br>• প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪২৯.০৬ কোটি টাকা। আর্থিক অগ্রগতির হার ৬১% এবং ভৌত অগ্রগতির হার ৭৩%। | বিসিক |
| ০৭. | খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো পুনরায় চালুকরণ এবং বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ।<br><br>**(প্রতিশ্রুতি নং-৭)**<br>০৫/৩/২০১১ খ্রি. | **খুলনা (১) নিউজপ্রিন্ট মিলস্ লি.:**<br>বন্ধ ঘোষিত খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর অব্যবহৃত ৫০ একর জমি নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লি. (নওপাজেকো)-এর নিকট বিক্রির সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ১১-১২-২০১৮ তারিখে খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অনুকূলে ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) কোটি টাকার চেক হস্তান্তর পরবর্তীতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নওপাজেকো জমি ও স্থাপনার সমুদয় ৫৮৬.৫২ কোটি টাকার মধ্যে অবশিষ্ট অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করবে। সমুদয় অর্থ পরিশোধের পরে ৫০ একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূলে রেজিষ্ট্রেশন সম্পাদন করা হবে।<br>উল্লেখ্য, নওপাজেকো এর নিকট বিক্রয়ের পর অবশিষ্ট থাকবে (৮৭.৬১-৫০.০০) = ৩৭.৬১ একর জমি।<br><br>(২) **দাদা ম্যাচ ওয়ার্কস :**<br>মেসার্স ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লি. এর বেসরকারি শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রস্তাবিত বেসরকারি মালিকানাধীন ৭০ শতাংশ শেয়ার একটি অডিট ফার্মের মাধ্যমে বর্তমান বাজার মূল্য যাচাই করে ধার্যকৃত মূল্য পরিশোধ করে সরকারের অনুকূলে নেয়া অথবা অনুরূপ মূল্যের ভিত্তিতে সরকারি মালিকানাধীন ৩০ শতাংশ শেয়ার ৭০ শতাংশ শেয়ারধারী বেসরকারি শেয়ারহোল্ডারগণের অনুকূলে হস্তান্তরের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রত্যাহার করার বিষয়ে শিল্পসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/০৩/২০১৮ তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>• উক্ত সভার সিদ্ধান্তমতে ২৪/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হলে বর্ণিত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা গ্রহণের পরিবর্তে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং | **(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি .:**<br>• কেএনএমএল এবং নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিমিটেড (নওপাজেকো) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক নওপাজেকো ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা পরিশোধ করেছে। অবশিষ্ট ৩৩২.১০ কোটি (তিনশত বত্রিশ কোটি দশ লক্ষ) টাকা ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করা এবং সমুদয় অর্থ (৫৮৬.৫২ কোটি টাকা) পরিশোধ সাপেক্ষে কেএনএমএল কর্তৃক উক্ত ৫০ (পঞ্চাশ) একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূলে চূড়ান্তভাবে রেজিষ্ট্রেশন সম্পাদন করার বিষয়টি স্বাক্ষরিত সমঝোতা স্মারকে উল্লেখ রয়েছে।<br>• সমঝোতা স্মারক মোতাবেক অর্থ পরিশোধের জন্য শিল্প মন্ত্রণালয় থেকে বিদ্যুৎ বিভাগে (D.O. Letter) প্রেরণ করা হয়েছে। এ ছাড়া কেএনএম থেকে ১৬-০৩-২০২২ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো বরাবর তাগিদ পত্র (১৬তম) প্রেরণ করা হয়েছে।<br>• বকেয়া পাওনা আদায়ের লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজন কার্যক্রম চলমান আছে।<br><br>**(২) দাদা ম্যাচ ওয়ার্কস :**<br>গত ১০-০১-২০২২ খ্রি. সচিব, শিল্প মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ঢাকা ম্যাচ কর্তৃপক্ষ প্রকল্প প্রস্তাবনা কার্যক্রম গ্রহণ করেছে। সে অনুযায়ী ঢাকা ম্যাচ কর্তৃপক্ষ প্রকল্প প্রস্তাবনা কার্যক্রম ও একনেক এর নির্দেশিত সরকারি ফরমেটে প্রকল্প প্রস্তাবনা তৈরির জন্য আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান থেকে ৭১.৩০ লক্ষ টাকা দর প্রস্তাব পায়।<br>সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম চলমান আছে। | বিসিআইসি |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | লিএর সমস্যা নিরসনের লক্ষ্যে মন্ত্রণালয়ের মতামত সম্বলিত পত্র প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া গেছে।<br>• নির্দেশনা মতে গত ০৯/০৮/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিল্প মন্ত্রণালয় হতে একটি পত্র প্রেরণ করা হলেপ্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে :<br>(ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর দায়-দেনা ও শেয়ারের বিষয়টি একটি প্রতিষ্ঠিত অডিট ফার্ম দিয়ে অডিট করাতে হবে;<br>(খ) এ ছাড়া জমি এবং ব্যাংকের ঋণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরো পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় শিল্প মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করবে।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব মহোদয়ের নির্দেশনায় 'ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি.' এর মালিকানাধীন খুলনা ইউনিট 'দাদা ম্যাচ ওয়ার্কস্'এবং ঢাকা ইউনিট 'ঢাকা ম্যাচ ফ্যাক্টরি'এর দায়-দেনা নিরূপনের উদ্যোগ নেয়া হয়েছে এবংবাজার মূল্য নির্ধারনের জন্য জেলা প্রশাসক ঢাকা, খুলনা ও বিসিআইসিকে জনানো হয়েছে। | | |
| ০৮. | মুহরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্প পার্ক স্থাপন<br><br>**(প্রতিশ্রুতি নং-৮)**<br><br>২৯/১২/২০১০ খ্রি. | ▪ উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কি না সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা জন্য চাওয়া হয়েছে এবং উক্ত কার্যালয় হতে যে নির্দেশনা প্রদান করা হবে সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | • বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর কাজের অগ্রগতি বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত ১৩/০১/২০১৬ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহিত হয় যে, "মুহরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি এবং পরবর্তীতে আরও জমি জেগে ওঠলে তা বেজা ছাড়া অন্য কাউকে বরাদ্দ দেওয়া যাবে না"।<br>• উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক-কে জমি বরাদ্দ দেয়া হবে কি না সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা চেয়ে গত ২৩-০৪-২০১৯ ও ২৯-০৫-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩০-০৫-২০১৯ তারিখের পত্রের মাধ্যমে উক্ত জমির বর্তমান অবস্থা সম্পর্কে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি, বেজার প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে ০৪ (চার) সপ্তাহের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (বিসিক)-কে মনোনয়ন প্রদান করা হয়।<br>• উক্ত কমিটি গত ২২/০৭/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করেছে। পরবর্তীতে ০৪/০৫/২০২১ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | বিসিক |

| ক্র নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৯. | বরগুনা বিসিক শিল্পনগরী স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-৯)**<br>০৬/৫/২০১০ খ্রি. | প্রতিশ্রুতি অনুযায়ী বরগুনা জেলার সদর উপজেলার কোরক মৌজায় ১০.২০ একর জমির উপর প্রাথমিকভাবে ১১.১৬ কোটি টাকা ব্যয়ে 'বরগুনা বিসিক শিল্পনগরী' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয় এবং "বিসিক শিল্প নগরী, বরগুনা (২য় সংশোধিত)" প্রকল্পটি গত ২০ জুন ২০১৯ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br>মেয়াদ : জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০২০।<br>• **প্রকল্পটি ডিসেম্বর ২০২০ এ সমাপ্ত হয়েছে।** | **প্রকল্পের বর্তমান অবস্থা :**<br><br>• মোট প্রকল্প ব্যয় ১৮০৮.০০ লক্ষ টাকা এবং ডিসেম্বর, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ১৬১৬.৯৪ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হার : আর্থিক ৮৯% এবং বাস্তব ১০০%।<br>• বিসিক শিল্প নগরী, বরগুনা শীর্ষক প্রকল্পের পিসিআর প্রণয়ন করা হয়েছে।<br>• **প্রকল্পটি বাস্তবায়িত।** | বিসিক |
| ১০. | ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-১০)**<br>২৯/০৩/২০১৮খ্রি | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের লক্ষ্যে ৫০ একর বিশিষ্ট "বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাও" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়।<br>**বাস্তবায়নের মেয়াদ: জুলাই ২০২১ - জুন ২০২৪** | • 'বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও' শীর্ষক প্রকল্পটি ২৮-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় [জুলাই ২০২১ - জুন ২০২৪] মেয়াদে ৯৮৬১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। প্রশাসনিক অনুমোদন জারি হয়েছে।<br>• গত ১৩/০৩/২০২২ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। | বিসিক |

## বাস্তবায়নাধীন নির্দেশনাসমূহ:

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে।<br>**(নির্দেশনা নং-১)**<br>০৬/৯/২০১৬ খ্রি. | • প্রতিশ্রুতি অনুযায়ী দেশের প্রত্যেক অর্থনৈতিক জোনে জায়গা বরাদ্দ নিয়ে বিসিক শিল্পনগরী প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>**বাস্তবায়নের মেয়াদ :**<br>জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২০ | ▪ ইতোমধ্যে জামালপুর অর্থনৈতিক অঞ্চল হতে ৫০ একর জমিতে শিল্পনগরী স্থাপনের নিমিত্ত 'জামালপুর বিসিক শিল্পনগরী সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের মাধ্যমে জমি অধিগ্রণের প্রকল্পটি সমাপ্ত হয়েছে।<br>▪ ভবিষ্যতে বিসিকের বিভিন্ন এলাকায় নতুন শিল্পনগরী স্থাপনের ক্ষেত্রে বিশেষ অর্থনৈতিক জোনে প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করা হবে।<br>▪ উল্লেখ্য, যেসব এলাকায় বেজার কর্মকান্ড নেই বা বেজা থেকে জমি পাওয়া যাচ্ছে না সেসব এলাকায় বিসিকের শিল্প পার্ক স্থাপনের নিমিত্ত বেজা বাদে অন্যত্র জমি অধিগ্রহণে বেজার অনাপত্তি সংগ্রহ করা হচ্ছে।<br>▪ অধিকন্তু, বিসিক শিল্পনগরী/পার্ক স্থাপন করার জন্য অধিকাংশ ক্ষেত্রে বেজার জায়গা না পাওয়া যাওয়ায় এই নির্দেশনাটি থেকে অব্যাহতির নিমিত্তে কার্যক্রম চলমান রয়েছে।<br>▪ প্রকল্পটি ডিসেম্বর ২০২০ এ সমাপ্ত হয়েছে।<br>▪ জামালপুর বিসিক শিল্প নগরী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের পিসিআর প্রণয়ন করা হয়েছে। | বিসিক |
| ০২. | ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাত করণ শিল্প গড়ে তুলতে হবে।<br>**(নির্দেশনা নং-২)**<br>১১/৫/২০১৬ খ্রি. | মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে বিসিক কর্তৃক মুক্তাগাছা শিল্পনগরী ময়মনসিংহ এ অধিগ্রহণকৃত ৫ একর জমির উপর ৭.৫০ কোটি টাকা ব্যয়ে "আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ বিসিক শিল্পনগরী, মুক্তাগাছা, ময়মনসিংহ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>**বাস্তবায়নের মেয়াদ :**<br>জুলাই ২০২১ হতে জুন ২০২৪ | ▪ ০৩-১০-২০১৯ তারিখে পিইসি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তানুসারে মধুপুর উপজেলায় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী বিসিকের নিজস্ব জায়গা মুক্তাগাছা, ময়মনসিংহের পরিবর্তে বিকল্প জায়গা হিসেবে মধুপুরেই জায়গা নির্বাচনের জন্য উদ্যোগ নেওয়া হয়।<br>▪ টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার বেরিবাইদ মৌজায় 'বিসিক মধুপুর শিল্প পার্ক (আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াকরণ), টাঙ্গাইল স্থাপনের নিমিত্ত জেলা প্রশাসন, টাঙ্গাইল হতে ২১৪.০০ (দুইশত চৌদ্দ) একর জমি বরাদ্দের সম্মতিপত্র পাওয়া যায় যা বন বিভাগের মালিকানাধীন।<br>▪ বন বিভাগ থেকে উল্লিখিত জমিতে শিল্পপার্ক স্থাপনের সম্মতি পেতে বিলম্ব হওয়ায় ১৯/০১/২০২২ তারিখে জনাব কাজী সাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (বিসিক, এসএমই ও বিটাক), শিল্প মন্ত্রণালয় বিকল্প জায়গা হিসেবে মধুপুর উপজেলার গারোবাজার সংলগ্ন মহিষমারা মৌজায় ২০৫ একর জমি পরিদর্শন করেন। পরবর্তীতে জানা যায় উক্ত জায়গাটিও বন বিভাগের মালিকানাধীন। এ প্রেক্ষিতে পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) ৩১-০৩-২০২২ তারিখে মধুপুরে নতুন জায়গা পরিদর্শন করেন।<br>▪ নতুন জায়গার সম্মতি পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিসিক |
| ০৩. | নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের | <u>বিসিআইসি :</u><br>• বিসিআইসি'র সকল কারখানা স্থাপনা পরিকল্পনায় বর্জ্য শোধনাগার ও পরিবেশ আইন মেনে শিল্প কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করে আসছে।<br>• বিসিআইসি'র আওতাভুক্ত ১০টি শিল্প প্রতিষ্ঠানসমূহের ৫টি তে In-Built ETP বিদ্যমান। এছাড়া সংস্থাধীন বিআইএসএফ ও ইউজিএসএফ কারখানাগুলোতে তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>• কেপিএম লিঃ-এ MOU এর আওতায় ও ছাতক সিমেন্ট কোঃ লিঃ এ উন্নয়ন প্রকল্পের আওতায় ETP স্থাপনের পরিকল্পনা রয়েছে। | <u>বিসিআইসি :</u><br>• শাহজালাল ফার্টিলাইজার কোং লিঃ, সিলেট - আধুনিক ইটিপি রয়েছে।<br>• যমুনা ফার্টিলাইজার কোঃ লিঃ, জামালপুর - আধুনিক ইটিপি রয়েছে।<br>• আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোঃ লিঃ, বি.বাড়ীয়া - আধুনিক ইটিপি রয়েছে।<br>• চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ, চট্টগ্রাম - আধুনিক ইটিপি রয়েছে।<br>• ডিএপি ফার্টিলাইজার কোঃ লিঃ, চট্টগ্রাম- In-Built System এ Effluent Treatment এর ব্যবস্থা রয়েছে।<br>• টিএসপি কমপ্লেক্স লিঃ কারখানা হতে নির্গত তরল বর্জ্য কারখানায় চালু Effluent treatment pit এর মাধ্যমে Neutralization করা হচ্ছে।<br>• কর্ণফুলী পেপার মিলস্ লিঃ, রাঙ্গামাটি - কেপিএম লিঃ এ In-Built effluent treatment ব্যবস্থা | বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি |

| ক্রম নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে<br><br>**(নির্দেশনা নং-৩)**<br>২৪/৮/২০১৪ খ্রি. | **বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন**<br><br>বিএসএফআইসির আওতাধীন '১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপনশীর্ষক ' প্রকল্পটি জিওবি অর্থায়নে ৮৫১০.৩১ লক্ষ টাকা।<br>মেয়াদ: জুলাই ২০১৮ হতে মার্চ ২০২২ পর্যন্ত।<br><br>**বিসিক :**<br>■ নতুনভাবে স্থাপিত শিল্পনগরীসমূহে শিল্প উদ্যোক্তাগণ কারখানার চাহিদা মোতাবেক নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত প্লটে ইটিপি স্থাপন করবেন (প্রযোজ্য ক্ষেত্রে)। শিল্প কারখানার উদ্যোক্তাদের লে-আউট প্ল্যানে ইটিপি স্থাপনের প্রয়োজনীয় জায়গা রেখে লে-আউট প্ল্যান অনুমোদন দেয়ার জন্য আঞ্চলিক পরিচালকদের অবহিত করা হয়েছে।<br>■ বিসিক শিল্পনগরীসমূহে স্থাপিত লাল ও কমলা শিল্প কারখানাসমূহে ইটিপি স্থাপন বাধ্যতামূলক। বিসিকের সকল জেলা কার্যালয় ও শিল্পনগরীর আওতাধীন লাল ও কমলা শিল্প কারখানাসমূহের ইটিপি স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে নির্দেশনা দেয়া হয়েছে। | রয়েছে। কিন্তু বর্তমানে পরিবেশ দূষণকারী কোন তরল বর্জ্য নির্গত হয় না।<br>● ছাতক সিমেন্ট কোঃ লিঃ,সুনামগঞ্জ - পরিবেশ দূষণকারী কোন তরল বর্জ্য নির্গত হয় না।<br>● বিআইএসএফএল, ঢাকা - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ, চট্টগ্রাম - তরল বর্জ্য না থাকায় ETP এর প্রয়োজন নেই।<br>● বাস্তবায়নাধীন জিপিইউএফপি তে আধুনিক ইটিপি স্থাপনের কার্যক্রম চলমান আছে। ১৬টি পিটের মধ্যে ১৬টি পিট Construction সম্পন্ন হয়েছে এবং ৩টি Pond এর মধ্যে ৩টি Pond এর Earth Excavation সম্পন্ন হয়েছে। ৩টি Pond এর Construction কাজ - ৫০% সম্পন্ন হয়েছে।<br>**বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন:**<br>● ১৬-০২-২০২০ তারিখে ১৪টি চিনিকলে ইটিপি স্থাপনে মূল কাজের চুক্তি সম্পাদন করা হয়।<br>● প্রকল্পের আওতায় ১৪টি চিনিকলের মধ্যে পঞ্চগড়, ঠাকুরগাঁও, সেতাবগঞ্জ, জয়পুরহাট, রংপুর, জিলবাংলা, নর্থবেঙ্গল, কেরু অ্যান্ড কোং (বিডি) লি. ও মোবারকগঞ্জ চিনিকলের অর্থাৎ ৯টি চিনিকলের ইটিপি নির্মাণ কাজ এবং প্লান্ট-মেশিনারিজ স্থাপন কাজ ৯৮% সম্পন্ন হয়েছে। প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২২-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত ৫ম সভার সিদ্ধান্তের আলোকে ৫টি ইটিপি প্ল্যান্টের স্থাপনার কার্যক্রম (শ্যামপুর, কুষ্টিয়া, পাবনা, ফরিদপুর ও রাজশাহী চিনিকল) চুক্তির আলোকে যে অবস্থায় আছে সেই অবস্থায় ঠিকাদারকে Terminate করা হয়েছে।<br>● সরকার কর্তৃক ২০২০-২১ মাড়াই মৌসুমে স্থগিতকৃত ৬টি মিলের মধ্যে ইটিপি নির্মাণের কাজ শেষ হলেও পঞ্চগড়, সেতাবগঞ্জ ও রংপুর চিনিকলের Trial Run করা সম্ভব হবে না। বাকি (ঠাকুরগাঁও, জয়পুরহাট, জিলবাংলা, নর্থবেঙ্গল, কেরু অ্যান্ড কোং(বিডি), মোবারকগঞ্জ) চিনিকলের ইটিপিগুলো বৈদ্যুতিক সংযোগের জন্য ডিপিপি'তে অর্থের সংস্থান না থাকায় ২০২১-২২ আখ মাড়াই মৌসুমে চিনিকলগুলোতে Trial Run করার সম্ভব হয়নি। তবে জিলবাংলা চিনিকলের ইটিপি'র Trial Run চলতি আখ মাড়াই মৌসুমে সম্পন্ন করা হয়েছে।<br>● পরিকল্পনা কমিশন কর্তৃক ২২-১২-২০২১ তারিখে পিইসি সভা এবং ১১-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৭ম সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত ডিপিপি'র ১ম সংশোধনী পুনর্গঠন করা হয়েছে।<br>● ২০২১-২২ অর্থবছরের ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৫০৫০.৮১ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫৯.৩৫% ও ভৌত অগ্রগতি ৮০% (৫টি মিলের কাজ Terminate হওয়ায়)।<br>**বিসিক :**<br>■ বিসিকের ৭৯ টি শিল্পনগরীসমূহে স্থাপনযোগ্য তরল বর্জ্য নির্গমণকারী শিল্প ইউনিটের সংখ্যা-২০১ টি, ইটিপি স্থাপন করা হয়েছে ১৩৬ টি, চালু আছে ১৩০ টি, বন্ধ আছে -০৬ টি, ইটিপি নির্মাণাধীন- ১৬ টি ।<br>■ অবশিষ্ট ৪৯ টি ইটিপি স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে বন্ধ ইটিপি চালু, ইটিপি স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করা ও নির্মাণাধীন ইটিপির নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার নির্দেশ দেয়া হয়েছে।<br>■ মালিকানা হস্তান্তর এবং নতুন শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে স্থাপিত কারখানাগুলো ইটিপি স্থাপনযোগ্য হলে নিজ উদ্যোগ ও খরচে ইটিপি স্থাপনের শর্তে অনুমোদন দেয়া হয়।<br>■ যেসকল শিল্প প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেনি এবং যেসকল শিল্প ইটিপি বন্ধ রেখে পরিবেশ দূষণ করছে সেসকল শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। | |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৪. | নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলায় শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিয়ন্ত্রণের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যাপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে।<br>**(নির্দেশনা নং-৪)**<br>২৪/৮/২০১৪খ্রি. | নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে বিসিক চেয়ারম্যান এর স্বাক্ষরে টিওআরসহ পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের প্রেক্ষিতে ১০টি জেলা (গাজীপুর, বান্দরবান, সুনামগঞ্জ, কুমিল্লা, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলা, পঞ্চগড়, নাটোর, চুয়াডাঙ্গা, দিনাজপুর, পাবনা) হতে প্রাপ্ত প্রস্তাবের মধ্যে পর্যায়ক্রমে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে প্রকল্প গ্রহণের মাধ্যমে শিল্পনগরী স্থাপনের পরিকল্পনা নেয়া হয়েছে। | ▪ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বিসিকের রূপকল্প এবং লক্ষ্যকে সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের সাথে সমান্তরালে রেখে মৌলিক, যুগোপযোগী, বাস্তবসম্মত এবং ফলপ্রসূ ১৩ (তেরো) টি ফ্ল্যাগশিপ কর্মসূচিসহ একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধনের কাজ চলমান আছে।<br>▪ ফ্ল্যাগশিপ কর্মসূচির মধ্যে অন্যতম কর্মসূচি হলো-'সারাদেশব্যাপী ১০০ টি আধুনিক সুবিধা সম্বলিত ও পরিবেশবান্ধব শিল্প পার্ক স্থাপন;<br>▪ এ কর্মসূচির আওতায় ২০৪১ সালের মধ্যে ৪০,০০০ (চল্লিশ হাজার) একর জমিতে ১০০ টি শিল্প পার্ক নির্মাণের মাধ্যমে ২ কোটি লোকের কর্মসংস্থান সৃষ্টি করা হবে।<br>▪ ১০০ টি প্রকল্পের মধ্যে ২০২১-২২ অর্থবছরের আরএডিপিতে ০৬ টি প্রকল্প অন্তর্ভুক্ত হয়েছে এবং ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে ১৭ টি প্রকল্প প্রস্তাব করা হয়েছে।<br>▪ যার মধ্যে, ০১ টি প্রকল্প (বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও) যা ২৮-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। | সকল দপ্তর/সংস্থা |
| ০৫. | শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায় পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে।<br>**(নির্দেশনা নং-৫)**<br>২৪/৮/২০১৪খ্রি. | • পরিবেশ সম্মত, আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার উৎপাদনের লক্ষ্যে ১০,৪৬০.৯১ কোটি টাকা ব্যয়ে বার্ষিক ৯,২৪০০০ মে.টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন "ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং গত ০৯-১০-২০১৮খ্রি. তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>• গত ২৪/১০/২০১৮ তারিখে Mitsubishi Heavy Industries (MHI), জাপান এবং China National Chemical Construction Co. Ltd.7 (CC7) এর সাথে প্রকল্পের বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে।<br>•গত ২১/১১/২০১৯খ্রি. তারিখে প্রকল্পের জন্য বাণিজ্যিক ঋণ গ্রহনের নিমিত্তে বিসিআইসি ও JBIC এবং বিসিআইসি ও MUFG–HSBC এর মধ্যে ০২ (দুই) টি Loan Agreement স্বাক্ষরিত হয়েছে।<br>•উক্ত স্বাক্ষরিত ঋণ দু'টির বিপরীতে ঋণদাতা প্রতিষ্ঠান সমুহের অনুকুলে গত ০১/০১/২০২০ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় Sovereign Guarantee প্রদান করেছে।<br>•মেয়াদ : অক্টোবর ২০১৮ থেকে জুন ২০২২ পর্যন্ত | •Casting – ৬৫.৬৭% শেষ হয়েছে।<br>•Under Ground Pipe Fabrication – ৯৭.৫৬% শেষ হয়েছে।<br>•Under Ground Pipe Erection – ২৯.৩৮% শেষ হয়েছে।<br>• Above Ground Pipe Erection – ৫০.২৫% শেষ হয়েছে।<br>•Equipment Installation®® – ৭২.৪২% শেষ হয়েছে।<br>•প্রকল্পের বিভিন্ন মালামাল (যন্ত্রপাতি ও যন্ত্রাংশ) প্রকল্প এলাকায় ধারাবাহিক ভাবে আসছে।<br>•প্রকল্পের বিভিন্ন Critical Equipment যেমন Compressor ও Turbine এর Mechanical Running Test সমূহ এবং বিভিন্ন Equipment এর Hydrostatic Test সমূহের Remote inspection চলছে।<br>•Steel Structure Erection (৩৮.১১% সম্পন্ন), Motor Installation (১৮.২০% সম্পন্ন), Transformer Installation (৩৩.৩৩% সম্পন্ন), Earthing Cable Installation (৫১.৭২% সম্পন্ন) সহ সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।<br>বরাদ্দ<br>১০৪৬০৯১.০০ লক্ষ টাকা (জিওবি: ১৮৪৪১৯.০০ লক্ষ টাকা<br>বৈদেশিক ঋণ: ৮৬১৬৭২.০০ লক্ষ টাকা)<br>ব্যয়<br>৭৮৭৪১৭.১৫ লক্ষ টাকা (জিওবি: ৬১৭৯১.৮১ লক্ষ টাকা<br>বৈদেশিক ঋণ: ৭২৫৬২৫.৩৪ লক্ষ টাকা)<br><br>বাস্তবায়ন অগ্রগতি:<br>আর্থিক অগ্রগতি: ৮১১৯৮১.২১ লক্ষ টাকা, (৭৭.৬২%)<br>বাস্তব অগ্রগতি: ৬৬.৯৪% | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি।<br><br>বাস্তবায়নাধীন |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৬. | বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট সংস্থান রাখতে হবে।<br>**(নির্দেশনা নং-৬)**<br>২৪/৮/২০১৪খ্রি. | • বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে পুন:বরাদ্দযোগ্য শিল্প প্লটের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। নতুনভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>• শিল্পনগরীর উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | ▪ বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ নিয়ে যারা শিল্প স্থাপন করছেন না জেলা প্লট বরাদ্দ কমিটির মাধ্যমে তাদের প্লট বাতিল করে সম্ভাবনাময় উদ্যোক্তাদের অনুকূলে বরাদ্দ দেওয়া হচ্ছে।<br>▪ ২০২১-২০২২ অর্থবছরে মোট ৯০ টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে।<br>▪ সরকার হতে রাজস্ব খাতে যে বরাদ্দ প্রদান করা হয় তার মাধ্যমে শিল্পনগরীর রাস্তা, ড্রেন, কালভার্ট ইত্যাদির উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হয়। | বিসিক |
| ০৭. | দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে।<br>**(নির্দেশনা নং-৭)**<br>২৪/৮/২০১৪খ্রি. | <u>বিটাক</u><br>বিটাক আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও কারিগরি পরামর্শের পাশাপাশি ঢাকা কেন্দ্রসহ বিটাকের মোট ৫টি কেন্দ্রে কারিগরি প্রশিক্ষণ পরিচালিত হয়ে আসছে। ,বিটাক চট্টগ্রাম" শীর্ষক প্রকল্পটি "ড়া কেন্দ্রে নারী হোস্টেল স্থাপনখুলনা ও বগু ১৭ তারিখে অনুমোদিত হয়। ২০১৮/০৭/প্রকল্পটির আওতায় ৫ তলা ভিতসহ লিফটবিহীনভাবে ৫ তলা নির্মাণের পরিবর্তে ১০ তলা ভিত ও লিফটসহ ১০ তলা ভবন নির্মাণের লক্ষ্যে সংশোধন করা হয় এবং ১ম সংশোধন প্রস্তাব গত ২৫ এপ্রিল ২০১৯ তারিখে অনুমোদিত হয়েছে।<br>**মেয়াদ:জুলাই ২০১৮ হতে জুন ২০২২।** | <u>বিটাক :</u><br>**(ক)** বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক বাস্তবায়নাধীন "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৮ শুরু হয়েছে। প্রকল্পটির সমাপ্তির জন্য নির্ধারিত সময় জুন ২০২২।<br>• ২০২১-২০২২ অর্থবছরে ক্রমপুঞ্জিত অগ্রগতি আর্থিক ৬২.৯৭% ও ভৌত ৯৩.৮৭%।<br>• মোট প্রকল্প ব্যয় ৭৪৫৯.৭৮ লক্ষ টাকা।<br>**(খ) নতুন প্রকল্পের অগ্রগতিঃ**<br>• মাননীয় প্রধানমন্ত্রী গত ২৪-৮-১০১৪ তারিখে শিল্প মন্ত্রনালয় পরিদর্শনকালে বিটাকের প্রতিটি কেন্দ্রে নারী হোস্টেলসহ প্রতিটি বিভাগে একটি করে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে "বিটাক চট্রগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১৮ শুরু হয়েছে এবং জুন, ২০২২ তারিখ সমাপ্ত হবে। এছাড়া, বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন "গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর ও যশোর জেলায় বিটাকের কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পটি মোট ১১৩২৬১.০৫ লক্ষ টাকা ব্যয়ে জানুয়ারি, ২০২২ হতে সেপ্টেম্বর, ২০২৫ মেয়াদে গত ২৫-০১-২০২২ তারিখে একনেক সভায় অনুমোদন লাভ করে। একনেক সভার সিদ্ধান্ত অনুসারে ডিপিপি পুনর্গঠনপূর্বক গত ১৩-০৩-২০২২ তারিখ পরিকল্পনা মন্ত্রণালয় এবং ১৪-০৩-২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক জিও জারী করা হয়। প্রকল্পের অনুকূলে ৫ টি জেলায় ভূমি অধিগ্রহণের নিমিত্তে ১৩/০৪/২০২২ তারিখে জেলা প্রশাসক বরাবর ভূমি অধিগ্রহণ প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবের প্রেক্ষিতে গত ১২/০৫/২০২২ তারিখে সুনামগঞ্জ জেলায় জেলা ভূমি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য জেলায় ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে।<br>• এছাড়াও মিরসরাই-এ বঙ্গবন্ধু শিল্প পার্কে ৪র্থ শিল্প বিপ্লব উপযোগী একটি অত্যাধুনিক বিটাকের কেন্দ্র প্রতিষ্ঠার জন্য ইতোমধ্যে বেজার নিকট থেকে ১০ একর জমি বরাদ্দের প্রতিশ্রুতি পাওয়া যায়। বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পার্কে ১০ একর জমির লিজ বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে ২৫% Signing Money বাবদ ৪,২৯,৭২,৫৫২.০০ (চার কোটি উনত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা পে অর্ডারের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। গত ২১ ডিসেম্বর ২০২১ তারিখে বেজা ও বিটাকের মধ্যে ১০ একর জমির 'Land Lease Agreement' স্বাক্ষরিত হয়েছে। প্রকল্পটির অনুকূলে সম্ভাব্য মেশিন ও ইক্যুইপমেন্ট এর তালিকা প্রস্তুত এবং প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে। | বিটাক/বিআইএম |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিআইএম**<br><br>ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কে শক্তিশালীকরণ' প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা<br>**বাস্তবায়ন মেয়াদ** : এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত।<br><br>**এসএমই ফাউন্ডেশন:**<br>ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদেরকে এসএমই সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সহজ শর্তে সিঙ্গেল ডিজিট সুদে ঋণ প্রদানের ব্যবস্থাকরণ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারে বাজার সংযোগ স্থাপনের লক্ষ্যে মেলা আয়োজন ও অংশগ্রহণ, উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সেমিনার আয়োজনের মাধ্যমে সচেতনতা সৃষ্টি, এসএমই বিষয়ে গবেষণা প্রণয়ন, অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ সেবা প্রদানসহ ইত্যাদি বহুমুখী কার্যক্রম পরিচালনা। | **বিআইএম :**<br>**বিআইএম-কে শক্তিশালীকরণ প্রকল্পঃ**<br>● প্রকল্পের মেয়াদঃ ০৩ (তিন) বছর (এপ্রিল/২০১৮ – জুন/২০২১)<br>● ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর (জুন/২০২২ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।<br>● বিআইএম ঢাকা ক্যাম্পাসে ১২তলা ভবনের ২তলা বেসমেন্ট ও ১০ম তলার ছাঁদ ঢালাই সম্পন্ন হয়েছে।<br>● ভৌত অবকাঠামো: ৪৮% আর্থিক: ২৫.৬৭%।<br>● প্রকল্পের মোট বরাদ্দঃ ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা। এ যাবৎ ব্যয়ঃ ৩,৭৯৬.০৯ লক্ষ টাকা।<br>**বিভাগীয় পর্যায়ে বিআইএম-এর বিকেন্দ্রীকরণঃ**<br>● ০৭ আগস্ট ২০১৯ তারিখে বিআইএম একটি কমিটি গঠন করে।<br>● কমিটির সদস্যগণ ইতোমধ্যে ৫টি বিভাগে সফর করে সম্ভাব্য স্থান নির্বাচন, অংশীজনের অংশগ্রহণে সমন্বয় সভা, বিশিষ্ট ব্যক্তিবর্গের মতামত গ্রহণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করে।<br>● শিল্প মন্ত্রণালয় কর্তৃক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় সম্ভাব্যতা যাচাই প্রকল্প প্রস্তাব প্রণয়ন করার নির্দেশনা পাওয়া যায়।<br>● শিল্প মন্ত্রণালয়ের ১০০ দিনের কর্মসূচি উপলক্ষ্যে কার্যক্রমে সম্ভাব্যতা যাচাই প্রকল্প প্রস্তাব প্রণয়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে।<br>**এসএমই ফাউন্ডেশন:**<br>• উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ ৮ টি; প্রশিক্ষিত উদ্যোক্তা-২৯১ জন।<br>• ক্লাস্টার উন্নয়ন, কর্মশালা-০২টি , অংশগ্রহণকারী উদ্যোক্তা-৬৬ জন।<br>• অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে মোট ৮৫ জন উদ্যোক্তা পরামর্শ সেবা গ্রহণ করেছেন।<br>• বিভিন্ন বিষয়ে মোট ১৩ টি প্রশিক্ষণের আওতায় ৪১৩ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সার্বিকভাবে ৫১৮ জন উদ্যোক্তা ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উপকৃত হচ্ছেন। | |
| ০৮. | রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি বিদেশী বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।<br><br>**(নির্দেশনা নং-৮)**<br>২৪/৮/২০১৪ খ্রি. | **১। কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল):**<br>● কেপিএমলিঃ কারখানার জায়গায় একটি নতুন ইন্টিগ্রেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে "M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China" এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়। এরই ধারাবাহিকতায় মেসার্স CMC, China আর্থকারিগরি সমীক্ষা সম্পন্ন করত: বার্ষিক ১,০০,০০০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি পেপার মিল স্থাপনের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে। | **১। কর্ণফুলি পেপার মিলস লি.(কেপিএম):**<br>● কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল) এর জায়গায় একটি নতুন ইন্ট্রিগেটেড পেপার মিল স্থাপনের লক্ষ্যে "M/S China National Machinery Imp. & Exp. Corporation (CMC), China" এর সাথে গত ০২/০৪/২০১৯ তারিখে MoU স্বাক্ষরিত হয়।<br>● পরবর্তীতে MoU এর মেয়াদ দুই দফায় ০২-১০-২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়। MoU এর মেয়াদ পুনরায় বৃদ্ধির জন্য CMC, China গত ০৫-১০-২০২১ তারিখ পত্র প্রেরণ হয়।<br>● বিসিআইসি'র নিজস্ব অর্থায়নে অথবা দেশী/বিদেশী উদ্যোক্তার সাথে Joint Venture-এ ক্লাস্টারভিত্তিক Plant স্থাপনের নিমিত্ত পেশাদার উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা যাচাই এর জন্য Consulting Firm নিয়োগের লক্ষ্যে EOI (Expression of Interest) আহবান করে ৬টি প্রস্তাব পাওয়া যায়। তন্মধ্যে ৪টি প্রতিষ্ঠানকে Short list করা হয়। বর্তমানে RFP Document প্রণয়ন করে গত ০২-০১-২০২২ তারিখে Short Listed প্রতিষ্ঠানসমূহকে RFP Document প্রদান করা হয়েছে। গত ১৬-০২-২০২২ তারিখে নির্বাচিত ৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠান | সকল দপ্তর/ সংস্থা |

| ক্রঃ | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি)**<br>চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।<br>প্রকল্পের বাস্তবায়ন কাল: জানুয়ারি, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ খ্রি. পর্যন্ত।<br>**৩। ছাতক সিমেন্ট কোম্পানী লি: (সিসিসিএল) .**<br>সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি.(সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে গত ১৭/১০/২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০/১২/২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়।<br>**৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>• ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরিত ০৪-১০-২০১৮ তারিখের পত্রে উল্লিখিত জমি ডিএলসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। উক্ত জমিতে একটি আধুনিক লেদার ইন্সটিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। | হতে আরএফপি সংক্রান্ত প্রস্তাবনা পাওয়া যায়। গত ২৮-০৪-২০২২ তারিখে PEC কর্তৃক RFP-এর কারিগরি মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হয়েছে। PEC কর্তৃক ১৮-০৫-২০২২ তারিখ আর্থিক প্রস্তাব উন্মুক্ত করা হয়েছে। অতিশীঘ্রই চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন দাখিল করা হবে।<br>**২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :**<br>সিসিসি প্রাঙ্গণে একটি নতুন ক্লোর-অ্যালকালি এবং ক্লোরিন সম্পর্কিত বেসিক কেমিক্যাল, কম্পাউন্ড (পিভিসি) প্লান্ট স্থাপনের লক্ষ্যে পেশাদার উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত EOI (Expression of Interest) নোটিশ ২২-০৩-২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত হয়। এরই ধারাবাহিকতায় গত ১০-০৮-২০২১ তারিখে ইওআই উন্মুক্ত করা হয়েছে ০৯টি দরপত্র জমা পড়েছে।<br>• ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে PEC (Proposal Evalution Committee) কর্তৃক সুপারিশকৃত Short Listed ০৭ (সাত)টি প্রতিষ্ঠানকে RFP (Request For Proposal) Document প্রদান করা হয়েছে এবং গত ০৮-০৩-২০২২ তারিখে ১টি প্রতিষ্ঠান থেকে আরএফপি-এর প্রস্তাব জমা পড়েছে। বর্তমানে কারিগরী সাব-কমিটি কর্তৃক মূল্যায়নের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।<br>**৩। ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) :**<br>সৌদি আরবের Engineering Dimensions (ED) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে গত ১৭-১০-২০১৮ তারিখে ED এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০-১২-২০১৮ তারিখে ED এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়।<br>Engineering Dimension International Investment LLC (EDII) এর সাথে গত ২৯-০৬-২০২০ তারিখে জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। জয়েন্ট ভেঞ্চার কোম্পানির কাজ এগিয়ে নেয়ার নিমিত্ত ০২(দুই)টি কমিটি গঠন করা হয়েছে; (১) Land Demarcation Committee এবং (২) প্রোগ্রেস মনিটরিং কমিটি। EDII সংক্রান্ত কোম্পানি গঠন গত ২৮-০৬-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। কোম্পানির নাম Saudi Bangla Integrated Cement Company Limited (SBICCL) গত ১৮-১১-২০২১ তারিখে Long Belt Conveyer(LBC) স্থাপনের কার্যক্রম গ্রহণের নিমিত্ত SBICCL কে NOC প্রদান করা হয়।<br>LBC স্থাপনের কার্যক্রম শুরু করার নিমিত্ত Ropeway Corridor এর ৪০ ফুট প্রশস্ত জায়গার ২০ ফুট SBICCL এর জন্য Demarcation গত ১৭-১২-২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে SBICCL এর মূল কারখানার জন্য Land Demarcation কার্যক্রম চলমান আছে।<br>১৮ কি.মি. দীর্ঘ LBC স্থাপনের নিমিত্ত SBICCL ২১-০২-২০২২ তারিখে টেন্ডার আহবান করে ১৬-০৫-২০২২ তারিখে টেন্ডার খোলা হয়েছে এবং পরবর্তী কার্যক্রম চলমান আছে ।<br>**৪। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>ঢাকা লেদার কো. লি. (ডিএলসিএল) এর জায়গাটি বিসিআইসি এর নামে নিবন্ধিত নয়। এ প্রেক্ষিতে, সংস্থার নিজস্ব নিয়ন্ত্রণে নেয়ার প্রক্রিয়া চালু রয়েছে। পাশাপাশি, উক্ত প্রাঙ্গণে যৌথ উদ্যোগে নতুন কোন লাভজনক শিল্প প্রতিষ্ঠান (বেসিক কেমিক্যাল/এপিআই/এআরসি ব্লক সুবিধাজনক) কারখানা গড়ে তোলা যায় কিনা সে বিষয়ে সামগ্রিকভাবে তথ্যাদি সংগ্রহ করে পর্যালোচনা করা হচ্ছে।<br>গত ১৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত ১৬৩ তম ডিএলসিএল-এর কোম্পানী বোর্ড সভায় সিদ্ধান্ত হয় যে, বিসিআইসি এর কারখানাসমূহে বিপুল সংখ্যক ব্যাগের চাহিদা বিবেচনায় ডিএলসিএল এর ১৮ একর জায়গায় একটি Woven PolyPropylene bags (WPP) ব্যাগের কারখানা স্থাপনের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কার্যক্রম হাতে | |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.(এনবিপিএম):**<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা বাহিনীর জন্য ফোর্স বেইস স্থাপনের লক্ষ্যে ঈশ্বরদী উপজেলা, পাবনা রেললাইনের উত্তর পার্শ্বে অবস্থিত নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. এর ১০০.৫১ একর জমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তরের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br><br>**৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>নিমতলী দুর্ঘটনা ও চুড়িহাট্টা দুর্ঘটনার মত ভবিষ্যতে যে কোন দুর্ঘটনা রোধকল্পে পুরাতন ঢাকায় বিদ্যমান সকল রাসায়নিক কারখানা ও গুদাম জুরুরিভিত্তিতে নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(সময়: ৩০-০৪-২০১৯) | নিয়েছে এবং EOI নোটিশ, ব্যয় প্রাক্কলন ও আনুসংঙ্গিক দলিলাদি প্রস্তুতের কার্যক্রম চলমান আছে।<br>**৫। নর্থ বেংগল পেপার মিলস্ লি.(এনবিপিএম):**<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের নিরাপত্তা ও ভৌত সুরক্ষা নিশ্চিতকরণের জন্য নর্থ বেঙ্গল পেপার মিলস লিঃ এর ১০০.৫১ একর জমি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে হস্তান্তর করার কারণে নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. এ কোন ব্যবহৃত জমি না থাকায় ইতঃপূর্বে প্রস্তাবিত প্রি-ফেব্রিকেটেড বাফার গোডাউন নির্মাণ কার্যক্রম স্থগিত করা হয়েছে। ফলশ্রুতিতে উক্ত স্থানে নর্থ বেঙ্গল পেপার মিলস্ লি. চালু করা/নতুন কোন প্রকল্প গ্রহণ করার সুযোগ নেই।<br>**৬। উজালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>• মোট ৫৪টি গুদামের মধ্যে ৪৮ টি গুদামের কাজ চলমান রয়েছে। কাজ চলমান ৪৮টি গুদাম এর মধ্যে ৪০টি গুদামের Finishing work এর কাজ চলছে। বাকী ৮টি গুদামের মধ্যে ৬টি গুদাম এর Slab Casting সম্পন্ন হয়েছে ও ৬টি গুদামের কলাম ঢালাই এর কাজ চলমান রয়েছে।<br>• ২১-১১-২০১৯ তারিখে ডক ইয়ার্ড ইঞ্জিনিয়ারিং এন্ড ওয়ার্কস এর সাথে প্রকল্প/বিসিআইসি'র চুক্তি স্বাক্ষরিত হয়। ০১-১২-২০১৯ তারিখে কার্যাদেশ এবং ২৪-১২-২০১৯ তারিখে সাইট বুঝিয়ে দেয়া হয়েছে।<br>• এ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৯৪১.৫১ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি: ৭৯৪১.৫১ (অনুদান) লক্ষ টাকা। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়ন কাজ চলমান আছে।<br>বরাদ্দ: ৭১৪৪.১৮ লক্ষ টাকা<br>বাস্তবায়ন অগ্রগতি:<br>আর্থিক অগ্রগতি: ৩৬৭৬.৮০ লক্ষ টাকা, (৫১.৪৭%)<br>বাস্তব অগ্রগতি: ৭২.০০% | |
| ০৯. | কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে<br><br>**(নির্দেশনা নং-৯)**<br>২৪/৮/২০১৪খ্রি. | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট , ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একীভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। | **ডিপিডিটি:**<br>• মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ০৪-০৮-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং বাংলাদেশ কপিরাইট অফিস সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করবে এবং এক্ষেত্রে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং কপিরাইট অফিসের কার্যক্রমকে একীভূত করে পৃথক কোন সংস্থা প্রতিষ্ঠার প্রয়োজন পড়বে না এবং নতুন করে আইন প্রণয়নেরও প্রয়োজন পড়বে না।<br>(খ) দু'টি সংস্থার সফটওয়্যার এবং ডেটাবেজ সমন্বয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কারিগরি সহায়তা প্রদান করবে।<br>মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় মহোদয়ের সভাপত্বিতে অনুষ্ঠিত ১৯/১০/২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত (গ) অনুযায়ী "কপিরাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একই ভবনে সংস্থাপনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের ডিজাইন ও ড্রইং সংশোধন করে একটি অনন্য নকশা (Unique design) প্রণয়ন করতে হবে"। কপিরাইট অফিসের স্মারক নং-৪৩.২৯.০০০০.০০১.০৩.১০৮.০৬ তারিখ: ০২-০৩-২০১৬ খ্রি: মোতাবেক ডিপিডিটি ও কপিরাইট অফিসের দুটি পৃথক ভবন হবে। তবে ২য় তলা থেকে দু'ভবনের মাঝখানে সংযোগ থাকবে। | ডিপিডিটি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | • পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের জন্য নির্ধারিত জমির বিষয়ে মহামান্য উচ্চ আদালতে মামলা চলমান থাকায় নির্মাণ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। ডিপিডিটির জমির বিষয়ে চলমান মামলা দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে সম্মিলিতভাবে মামলা মোকাবেলার কার্যক্রম চলমান রয়েছে।<br>**এসএমই ফাউন্ডেশন:**<br>এসএমই ফাউন্ডেশন এনপিও ভবনের জায়গা বিষয়ক মামলার সরাসরি পক্ষভুক্ত নয়। তবে দ্রুত এ মামলার নিষ্পত্তির জন্য ফাউন্ডেশনের কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় ও এনপিও কর্মকর্তাগণ মহামান্য হাইকোর্ট বিভাগে বিজ্ঞ এটর্নী জেনারেল এর দপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে আসছেন। | |
| ১০. | শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে।<br><br>**(নির্দেশনা নং-১০)**<br>২৪/৮/২০১৪খ্রি. | **বিএসটিআই :**<br>• শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের অনুমোদনক্রমে বিএসটিআই'র কারিগরী ক্যাটাগরির ১০ম ও ১১তম গ্রেডের (দ্বিতীয় শ্রেণীর) ৩ (তিন)টি পদের যথা:-পরীক্ষক (৬৯টি), ফিল্ড অফিসার (৭৫টি), পরিদর্শক (৭৫টি) সর্বমোট ১১০ জন কর্মকর্তার পদমর্যাদা ও বেতন স্কেল ৯ম গ্রেডে উন্নীত হয়েছে।<br>**বিএবি:**<br>বিএবি'র ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে চলতি ২০১৮অর্থবছরের জন্য ১৯-বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারিকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।<br>**বিএসএফআইসি:**<br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এবং আওতাধীন মিল/প্রতিষ্ঠানে ২০১৫ সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ বন্ধ রয়েছে। সংস্থার অধীন মিল/প্রতিষ্ঠানগুলোর বর্তমান আর্থিক সংকট উত্তোরণ হলে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | **বিএসটিআই :**<br>বাস্তবায়িত (১০০%)।<br><br>**বিএবি:**<br>• বিষয়টিতে আর্থিক সংশ্লেষ্ট থাকায় অর্থ বিভাগ থেকে প্রণোদনা প্রদান বিষয়ক কিছু তথ্য চাওয়া হয়।<br>• অর্থ মন্ত্রণালয় গত ১৯/০৩/২০২০ তারিখ ৩৮ নং স্মারকের মাধ্যমে এ বিষয়ে অসম্মতি জ্ঞাপন করেন।<br>• বিষয়টি পুনর্বিবেচনার জন্য যৌক্তিকতাসহ পুনরায় প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>**বিটাক:**<br>• বিটাকের মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান বেতন কাঠামোর তুলনায় একধাপ উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে বিটাকের বিদ্যমান বেতন স্কেল আপগ্রেডের বিষয়টি ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>• বিটাকে কর্মকর্তা/কর্মচারীদেরকে কাজে উৎসাহ প্রদানের জন্য নিজস্ব আয় হতে প্রতি বৎসর মূল বেতনের সমপরিমাণ অতিরিক্ত ২টি প্রণোদনা ভাতা প্রদানের প্রস্তাব করা হয়। কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।<br><br>**ডিপিডিটি:**<br>সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা ও প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হলে শিল্প মন্ত্রণালয় হতে জানানো হয়েছে যে, ডিপিডিটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ দৈনন্দিন রুটিন দায়িত্ব পালন করে থাকেন। রুটিন দায়িত্ব পালনের ক্ষেত্রে অর্থনৈতিক প্রণোদনা প্রদানের কোন সুযোগ নেই।<br>**বিএসএফআইসি:**<br>সংস্থার অধীন মিল/ প্রতিষ্ঠানসমূহের বর্তমান আর্থিক অসচ্ছলতার কারণে আপাতত পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা সম্ভব হচ্ছে না। | সকল দপ্তর/ সংস্থা |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১. | শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।<br><br>**(নির্দেশনা নং-১১)**<br>২৪/৮/২০১৪খ্রি. | বিসিআইসি:<br>১। **বিআইএসএফ লিঃ** এ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সিরামিক পণ্যের গ্লেজের উজ্জ্বলতা বৃদ্ধিকরণ।<br><br>২। **কেপিএমলিঃ** এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ।<br><br>বিসিক:<br>শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশি ও বিদেশি মেলার আয়োজন ও অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>বিএসইসি:<br>• সুনির্দিষ্ট মার্কেটিং কৌশলপত্র প্রণয়ন কার্যক্রম চলমান। | বিসিআইসি:<br>১। **বিআইএসএফলিঃ** কারখানায় উৎপাদিত স্যানিটারীওয়্যারের মান উন্নয়নের লক্ষ্যে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে ব্যাটারী কাস্টিং ও অটো-গ্লেজিংসহ আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য বিআইএসএফএল এর মূলধনী খাতে স্বল্পমেয়াদী পূনর্বাসন কর্মসূচীর আওতায় ১৭টি মেশিনারিজের মধ্যে ৭টি মেশিন ক্রয় করা হয় এবং কমিশনিং সম্পন্ন হয়েছে।<br>উল্লেখ্য, বিগত ২৬-০৮-২০১৫খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত "জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ" এর সভায় বিআইএসএফ অনত্র স্থানান্তরের প্রেক্ষিতে স্বল্পমেয়াদি পুনর্বাসন কর্মসূচির আওতায় ক্রয়তব্য ১৭টি মেশিনারিজের মধ্যে জরুরী প্রয়োজন ছাড়া অবশিষ্ট মেশিনগুলো ক্রয় স্থগিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক স্যানিটারীওয়্যারের মান উন্নয়নের সাথে সংশ্লিষ্ট ব্যাটারী কাস্টিং ও অটো-গ্লেজিংসহ আধুনিক প্রযুক্তির কোন মেশিন ক্রয় করা হয়নি। ২৬-০৮-২০১৫খ্রি. তারিখের সিদ্ধান্তের প্রেক্ষিতে এ সংক্রান্ত সমস্ত কার্যক্রম আপাতত: বন্ধ আছে।<br>২। কেপিএমলিঃ এ উৎপাদিত পেপারের উজ্জ্বলতা ও মসৃণতা বৃদ্ধিকরণ এবং পুরুত্ব নিয়ন্ত্রণ।<br>ফরেন পাল্প, প্রয়োজনীয় কেমিক্যালস্ এবং প্রসেস উন্নয়নে কিছু পদক্ষেপ গ্রহনের মাধ্যমে এনসিটিবির চাহিদাকৃত বিনির্দেশ মোতাবেক উৎপাদিত কাগজের উজ্জ্বলতা 85% (ISO -International Standard Organization মোতাবেক) অর্জন সম্ভব হয়েছে যা পূর্বে নিজস্ব পাল্প দিয়ে উৎপাদিত কাগজের উজ্জ্বলতা ছিলো 76%)। পেপারের মান উন্নয়নে যন্ত্রপাতি প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন হলেও কারখানার আর্থিক সংকটের কারণে তা সম্ভব হচ্ছে না। বিসিআইসি'র কারখানাসমূহে উৎপাদিত পণ্য দেশের আভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে উদ্বৃত্ত থাকে না বিধায় রপ্তানি করা হয় না।<br>বিসিক:<br>■ মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বিসিক কর্তৃক আয়োজিত বিভিন্ন জেলায় মোট ৯৩টি মেলা অনলাইনে সম্পন্ন হয়েছে। .<br>■ বিসিকের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ডিজিটাল মাধ্যমে পণ্য ক্রয়-বিক্রয় ও দেশ-বিদেশে বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে "বিসিক অনলাইন মার্কেট" (www.bscic-emarket.gov.bd) তৈরি করা হয়েছে এবং তা ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে উদ্বোধন হয়েছে।<br>■ বিভিন্ন জেলায় অনলাইনে ৫২টি এবং স্বশরীরে ২৪টি মেলা অনুষ্ঠিত হয়েছে।<br>বিএসইসি :<br>ক) বিএসইসি'র অধীন শিল্প প্রতিষ্ঠান ইস্টার্ন কেবলস লিমিটেড-(ইসিএল) চীনের ন্যাশনাল টেকনিক্যাল ইনপুট এবং এক্সপোর্ট করপোরেশন (সিএনটিআইসি)-এর নিকট ৫,২৪,২৩৫ মার্কিন ডলার এর কেবলস ৩০-০৩-২০২২ খ্রি. তারিখে রপ্তানি করেছে।<br>খ) ২৬তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২২ এ সাধারণ প্যাভিলিয়ন ক্যাটাগরিতে বিএসইসি শ্রেষ্ঠ প্যাভিলিয়ন নির্বাচিত হওয়ায় গোল্ড ট্রফি লাভ করেন। উল্লেখ্য যে, উক্ত মেলায় দেশী/বিদেশী বিভিন্ন ক্রেতা/সংস্থা বিএসইসি'র শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত সর্বমোট ৬০.৫২৮ লক্ষ টাকা মূল্যমানের পণ্য ক্রয় করেছে। এছাড়াও প্রায় ৪৫৪০.১৭৭ লক্ষ টাকা মূল্যমানের পণ্য বিক্রয়ের সম্ভাব্য কার্যাদেশ পাওয়া গেছে।<br>গ) বিএসইসি'র অধীনস্থ প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সংযোজিত ৭৩টি ডাবল কেবিন পিকআপ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে হস্তান্তর সংক্রান্ত অনুষ্ঠানটি ১১-০১-২০২১ তারিখে হোটেল ইন্টার কন্টিনেন্টালে অনুষ্ঠিত হয়েছে যা বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করা হয়।<br>ঘ) বিএসইসি'র বিভিন্ন কার্যক্রম প্রচারের নিমিত্ত বিভিন্ন সময় বিভিন্ন স্থানে মেলায় অংশগ্রহণ করে আসছে। এছাড়া | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/ বিসিক/ বিএসইসি/ বিএসএফআই সি |

| ক্রঃ | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসএফআইসি:**<br>অত্র সংস্থার কোন শিল্প পণ্য আন্তর্জাতিক বাজারে রপ্তানি করা হয় না।<br>**এসএমই ফাউন্ডেশন :**<br>● এসএমই পণ্য মেলা আয়োজন<br>মেয়াদ: ০১ জুলাই ২০২১ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত। | বিএসইসি'র উৎপাদিত পণ্যের প্রচারের জন্য বিভিন্ন মিডিয়া ও ওয়েবসাইটে বিজ্ঞাপন দেয়া হচ্ছে।<br>**এসএমই ফাউন্ডেশন :**<br>● রাজশাহী বিভাগীয় সদরে আঞ্চলিক এসএমই পণ্যমেলা (২৬ জুন-০২ জুলাই, ২০২২) আয়োজনের লক্ষ্যে আবেদনপত্র আহ্বান করা হয়েছে। | |
| ১২. | দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা।<br><br>**(নির্দেশনা নং-১২)**<br>২০/৭/২০১৪খ্রি. | "ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির উপর ০৯-১২-২০২০ ও ১৪-১২-২০২০ তারিখে পিইসি সভা হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে ঠাকুরগাঁও চিনিকলকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষার (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**মেয়াদ: জুলাই ২০১৩ হতে জুন ২০২১** | **প্রকল্পের বর্তমান অবস্থা :**<br>● আলোচ্য প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি'র ওপর গত ০৯/১২/২০২০ ও ১৪/১২/২০২০ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>৪.১ শিল্প মন্ত্রণালয় বেতন-ভাতাসহ যাবতীয় পরিশোধযোগ্য ব্যয় পরিশোধ সাপেক্ষে 'ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি দ্রুত সমাপ্ত করার প্রয়োজন্য ব্যবস্থা গ্রহণ করবে; এবং<br>৪.২ "ঠাকুরগাঁও চিনিকলকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনে নতুন প্রকল্প গ্রহন করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্ণাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষা (feasibility) সম্পন্ন করবে।"<br>● পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পটি অসমাপ্ত রেখে জুন, ২০২১ এ সমাপ্ত করা হয়েছে।<br>● অগ্রগতির হার: আর্থিকঃ ৯৯.৭১% এবং বাস্তব ১০০%। | বিএসএফআই সি |
| ১৩. | শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।<br><br>**(নির্দেশনা নং-১৩)**<br>১২/৪/২০০৯ খ্রি. | **বিসিআইসি :**<br>বিসিআইসি জনবলের শূন্যপদের সংখ্যা নির্ধারণ ও নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**বিসিক :**<br>বিসিকের জনবলের শূন্যপদের সংখ্যা নির্ধারণ ও নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। | **বিসিআইসি:**<br>• অনুমোদিত পদের সংখ্যা-১২,২৫৪ টি; পূরণকৃত পদ-১০,৮৩০ টি এবং মোট শূন্য পদ-১,৪২৪ টি;<br>• পদোন্নতিযোগ্য শূন্য পদ- ৭৮২ জন এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে-৬৪২;<br>• সংস্থার সরাসরি নিয়োগযোগ্য ৫২৭টি শূন্য পদের বিপরীতে ৯ম গ্রেডে (১৩+১২৩)=১৩৬টি এবং ১০ম গ্রেডে (২৬+৩১৭)=৩৪৩টি সহ মোট (১৩৬+৩৪৩)=৪৭৯টি শূন্য পদের নিয়োগ কার্যক্রম চলমান আছে।<br>(১) <u>২২-১২-২০২০খ্রি. ৩৯ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম :</u><br>নির্মানাধীন ১৩টি বাফার গুদামে পদায়নের জন্য ৩৯টি নন-টেকনিক্যাল পদে (৯ম গ্রেডের ১৩জন এবং ১০ম গ্রেডে ২৬জন) কর্মকর্তা নিয়োগের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা শেষে গত ২০-১২-২০২১খ্রি. তারিখে চূড়ান্ত ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়। নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন শেষে নিয়োগপত্র ইস্যু করা হবে।<br>(২) <u>০৩-০৫-২০২১খ্রি. ৩১৭ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম :</u><br>বিসিআইসির বিভিন্ন কারখানায় পদায়নের জন্য ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে ৩১৭ কর্মকর্তা নিয়োগের জন্য এবং গত ১০-১২-২০২১খ্রি. তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। গত ০৫-০১-২০২২খ্রি. তারিখ লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। মৌখিক স্বাক্ষাৎকার ২৪-০৫-২০২২খ্রি. তারিখ হতে শুরু হয়েছে।<br>(৩) <u>৩০-০৯-২০২১খ্রি. ১২৩ জন কর্মকর্তা নিয়োগের গৃহীত কার্যক্রম :</u><br>বিসিআইসির বিভিন্ন কারখানায় পদায়নের জন্য ৯ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে ১২৩ কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে টেকনিক্যাল পদে ৬৮ জন কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষা গত ১৫-০৪-২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। নন-টেকনিক্যাল ৫৫ জন কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষা গত ১৩ ও ১৪ মে, ২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে।<br>(৪) <u>কর্মচারী ও শ্রমিক নিয়োগের গৃহীত কার্যক্রম</u> :<br>স্থায়ী কর্মচারী ও শ্রমিক (১৬৩৭+৩২২২) = ৪৮৫৯ জন ও দৈনিক ভিত্তিক (No work no pay) এবং আনসার | শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসএফআইসি:**<br>সংস্থার উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যক্রম দ্রুততার সাথে এবং যথাযথভাবে সম্পাদনের স্বার্থে শূন্যপদসমূহ প্রয়োজন হলেও ২০১৫ সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ আপাতত বন্ধ রয়েছে। | আউট সোর্সিং এর মাধ্যমে মোট ৪১৬৩ জন (৪৮৫৯+৪১৬৩) = ৯০২২ জন নিয়োজিত আছে। মঞ্জুরিকৃত পদ সংখ্যা কর্মচারী ও শ্রমিক (৪২০২+ ৪৯৩৫) = ৯১৩৭ জন। খালি পদের সংখ্যা (৯১৩৭-৯০২২) = ১১৫ জন। | |
| | | **ডিপিডিটি :**<br>শূন্য পদের নিয়োগ কার্যক্রম চলমান আছে। | **বিসিক :**<br>• অনুমোদিত পদের সংখ্যা ২,৪১৪টি, পূরণকৃত পদের সংখ্যা-১,৬৪৫টি এবং শূন্য পদের সংখ্যা ৭৬৯টি।<br>• পদোন্নতির মাধ্যমে পুরণযোগ্য প্রকৃত শূন্যপদ ১৫১টি ও অপুরণযোগ্য শূন্যপদ ৬১টি (অস্থায়ী পদোন্নতিযোগ্য শূন্য পদ) মোট পদোন্নতিযোগ্য শূন্যপদ ( ১৫১+৬১)= ২১২টি<br>• সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য প্রকৃত শূন্যপদ ৩৯২টি ও অপপূরণযোগ্য শূন্যপদ ১৬৫টি (১০% সংরক্ষণ)। মোট সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদ (৩৯২+১৬৫) =৫৫৭টি।<br>• ৩৯২টি শূন্যপদের মধ্যে ৭০টি শূন্য পদ পুরণের ছাড়পত্র পাওয়া গিয়েছে। ছাড়পত্র প্রাপ্ত ৭০টি শূন্যপদ পূরণের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ২০২১ সালের নিয়োগ বিজ্ঞপ্তির ৩য়-৬ষ্ঠ গ্রেডের ৩৮ টি শূন্যপদ পূরণের লক্ষ্যে প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।<br>পদোন্নতিযোগ্য ১৫১টি শূন্যপদ যোগ্য প্রার্থী প্রাপ্তি সাপেক্ষে পূরণ করার লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। | |
| | | **বিএসইসি :**<br>বিএসইসি প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে সর্বমোট ১৪ (চৌদ্দ) টি পদে নিয়োগ সংক্রান্ত। | **বিটাক :**<br>• অনুমোদিত পদের সংখ্যা ৫৯৫টি, পূরণকৃত পদের সংখ্যা-৫২১টি এবং শূন্য পদের সংখ্যা ৭৪টি।<br>• ৭৪টি শূন্য পদের মধ্যে ১৫টি (১ম শ্রেণির ১টি, তৃতীয় শ্রেণির ০৯টি ও ৪র্থ শ্রেণির ৫টি পদ) সরাসরি নিয়োগযোগ্য পদ এবং ৫৯টি (১ম শ্রেণির ১০টি, ২য় শ্রেণির ২৬টি এবং তৃতীয় শ্রেণির ২৩টি) পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। বিটাকের প্রবিধানমালা ইতোমধ্যে অনুমোদন লাভ করছে। ইতোমধ্যে বিটাকের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>**ডিপিডিটি :**<br>• অনুমোদিত পদের সংখ্যা ১১২টি, পূরণকৃত ৬৯টি এবং শূণ্য পদের সংখ্যাঃ ৪৩ টি;<br>• পদোন্নতিযোগ্য শূন্য পদ ১১টি এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ ৩২ টি;<br>• রেজিস্ট্রার ০১টি পদ এবং ডেপুটি রেজিস্ট্রার ০২টি পদ শূন্য রয়েছে।<br>• প্রোগ্রামারের প্রথম শ্রেণীর একটি শূন্য পদে পিএসসিতে রিকুইজিশন প্রেরণ করা হয়েছে।<br>• প্রথম শ্রেণীর ৩ টি শূন্য পদ পূরণে কার্যক্রম চলমান আছে। | |
| | | **এনপিও :** ৬ষ্ঠ গ্রেডে ২টি পদ শূন্য। পদ ২টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। পদোন্নতির যোগ্য কোন প্রার্থী না থাকায় একজন গবেষণা কর্মকর্তাকে উর্ধ্বতন গবেষণা কর্মকর্তার পদে চলতি দায়িত্ব প্রদান হয়েছে। অপর ১টি পদে চলতি দায়িত্ব প্রদানের জন্য মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>বর্তমানে ৯ম গ্রেডের ২টি শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>১২তম গ্রেডের ২টি, ১৩তম গ্রেডের ১টি, ১৪তম গ্রেডের ২টি, ১৬তম গ্রেডের ৫টি ও ২০তম গ্রেডের ১টি সহ মোট ১১টি পদ শূন্য আছে। | • ৩০/০৭/২০২১ তারিখে একজন অফিস সহায়ক পি.আর.এল এ গমন করায় আরো ০১টি পদ শূন্য হয়েছে।<br>• ৩০/০৬/২০২১ তারিখে একজন উচ্চমান সহকারী পি.আর.এল এ গমন করায় উক্ত পদটি শূন্য হয়েছে। পদোন্নতি প্রদানের কার্যক্রম চলমান।<br>• ১ম শ্রেণির এক্সামিনার এর ১১ টি পদে নিয়োগের রিকুইজিশন প্রেরণ করা হয়েছে ১ম শ্রেণির এক্সামিনার (ট্রেডমার্কস) এর ০১ টি পদে নিয়োগের কার্যক্রম চলমান আছে।<br>• ৩য় ও ৪র্থ শ্রেণির ছাড়পত্র প্রাপ্ত ১৭(সতের)টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।<br>**বিএসটিআই :**<br>অনুমোদিত পদের সংখ্যা-৬৭৪টি; পূরণকৃত-৩৯৮টি; শূন্য পদের সংখ্যা-২৭৬টি।<br>• সংরক্ষিত ও পদোন্নতিযোগ্য শূণ্য পদ-১৮২টি; সরাসরি নিয়োগযোগ্য শূণ্য পদ-১২৭টি;<br>• বিএসটিআই'র শূন্য পদের মধ্যে বিভিন্ন গ্রেডের ১২৭টি পদে নিয়োগের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। তন্মধ্যে ১১, ১৬, ১৮ ও ২০তম গ্রেডের বিভিন্ন পদে নিয়োগের জন্য লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। | |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

**প্রধান বয়লার পরিদর্শক:**

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে অনুমোদিত পদের সংখ্যা ১৪৬ টি, কর্মরত রয়েছে ১০৩ জন। শূন্য পদের সংখ্যা ৪৩টি।

শূন্য পদগুলি হচ্ছে

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | উপ-প্রধান বয়লার পরিদর্শক (গ্রেড-৬) | ১টি |
| ১ | উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) (গ্রেড-৬) | ১টি |
| ২ | বয়লার পরিদর্শক (গ্রেড-৯) | ৫টি |
| ৩ | সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-৯) | ১টি |
| ৪ | সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৯) | ১টি |
| ৫ | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯ | ১টি |
| ৬ | ব্যক্তিগত সহকারী | ১টি |
| ৭ | সাঁটলিপিকার কামকম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ১টি |
| ৮ | অফিস সহকারী কাম কম্পিউটার | ১টি |

- এছাড়া ৯ম গ্রেডের ৮৭টি শূন্য পদে নিয়োগের লিখিত পরীক্ষা গত ১১-০৩-২০২২ ও ১৮-০৩-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে উক্ত লিখিত পরীক্ষার ফলাফল পাওয়া গেছে।
- বিভিন্ন গ্রেডের পদোন্নতিযোগ্য শূণ্য পদে বিধি অনুযায়ী পদোন্নতি চলমান আছে।

**বিএসইসি :**

- অনুমোদিত পদের সংখ্যা ১,২৫৪টি, পূরণকৃত পদের সংখ্যা-৬৪৫টি এবং শূন্য পদের সংখ্যা ৬০৯টি।
- শূন্য ৬০৯টি পদের মধ্যে পদোন্নতিযোগ্য পদ সংখ্যা-৩২২ এবং সরাসরি নিয়োগযোগ্য পদ-২৮৭টি;
- বিসিইসি'র প্রধান কার্যালয় এর নিয়ন্ত্রণাধীন চালু ৯টি শিল্প প্রতিষ্ঠানের ১ম শ্রেণি পদসমূহের নিয়োগ প্রক্রিয়া বিএসইসি কর্তৃক সম্পন্ন করা হয়।
- মহাব্যবস্থাপক/সমমান পদে এবং চিকিৎসা কর্মকর্তাসহ মোট ১৪টি (মহাব্যবস্থাপক /সমমান-১০, উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা-১, চিকিৎসা কর্মকর্তা-২ এবং সহকারী চিকিৎসা কর্মকর্তা-১) পদে নিয়োগ প্রক্রিয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়। বিএসইসি'র বোর্ড কর্তৃক "নিয়োগ ও পদোন্নতি বাছাই কমিটি" পুর্নগঠনপূর্বক আবেদনপত্রসমূহ পরবর্তী বাছাই কার্যক্রম শুরু হবে।
- এছাড়া, বিএসইসি প্রধান কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্যপদ সমূহের বিপরীতে ৩য় ও ৪র্থ শ্রেণির ১৮টি পদে সরাসরি নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**বিএবি:**

- অনুমোদিত পদের সংখ্যা ২০টি, কর্মরত রয়েছে ১৩ জন। শূন্য পদের সংখ্যা ০৭টি।
- পদোন্নতিযোগ্য শূন্য পদ-২টি; সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ-৫টি;
- বিএবি'র শূন্যপদে জনবল নিয়োগের জন্য গত ২৭/০৩/২০২২ খ্রি. তারিখে দৈনিক কালের কণ্ঠ ও দি ডেইলী অবজারভার প্রত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ২৮/০৪/২০২২ খ্রি: পর্যন্ত। নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

**বিআইএম:**

- মোট অনুমোদিত পদের সংখ্যা-১৬০টি এর মধ্যে কর্মকর্তা-৬৩টি এবং কর্মচারী-৯৭টি ।
- মোট কর্মরত পদ সংখ্যা-৯৫টি এর মধ্যে কর্মকর্তা-২৮ জন এবং কর্মচারী-৬৭ জন।
- মোট শূন্য পদ ৬৫টি এর মধ্যে কর্মকর্তা-৩৫টি এবং কর্মচারী-৩০টি পদ।
- ৮জন কর্মকর্তার পুলিশ ভেরিফিকেশন চলমান, যা শেষ হলে নিয়োগ পত্র প্রদান করা হবে। উক্ত নিয়োগ সম্পন্ন হলে অবশিষ্ট শূন্যপদের নিয়োগ প্রক্রিয়া শুরু হবে।

**এনপিও :**

- অনুমোদিত পদের সংখ্যা ৬৬ টি, কর্মরত রয়েছে ৪৮ জন। শূন্য পদের সংখ্যা ১৮টি।
- পদোন্নতিযোগ্য শূন্য পদ ২টি এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ ১৬টি;
- তন্মধ্যে ৬ষ্ঠ গ্রেডের ২টি, ৯ম গ্রেডের ২টি, ১২তম গ্রেডের ২টি, ১৩তম গ্রেডের ২টি, ১৪তম গ্রেডের ৩টি, ১৬তম গ্রেডের ৬টি ও ২০তম গ্রেডের ১টি।
- ১৩ তম ও ১৪ তম গ্রেডের ২টি (অবসর জনিত কারণে) শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রেরণ করা হয়েছে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ জনসংখ্যার ভিত্তিতে জেলা ওয়ারী পদ বিতরণের শতকরা হার

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রদত্ত নির্দেশনা</th><th>গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ</th><th>বাস্তবায়ন অগ্রগতি</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td></td><td>মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)</td><td></td></tr>
<tr><td></td><td>বয়লার টেকনিশিয়ান (গ্রেড-১৬)</td><td>১টি</td></tr>
<tr><td>৯</td><td>হিসাবরক্ষক (গ্রেড-১৪)</td><td>১১টি</td></tr>
<tr><td>১০</td><td>ডাটা এন্ট্রিঅপারেটর (গ্রেড-১৬)</td><td>১টি</td></tr>
<tr><td>১১</td><td>ড্রাইভার (গ্রেড-১৬)</td><td>৫টি</td></tr>
<tr><td>১২</td><td>অফিস সহায়ক (গ্রেড-২০)</td><td>১২টি</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৪৩টি</td></tr>
</table>
<br><u>এসএমই ফাউন্ডেশন :</u><br>• সহকারী ব্যবস্থাপক (Entry level) এর শূন্যপদে নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।</td><td>নির্ধারণ অনুযায়ী বন্টনকৃত জেলা কোটা অনুমোদিত হওয়ায় শূণ্য ১১টি পদ পূরণের জন্য পরবর্তী সভায় খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি উপস্থাপনের জন্য ০২-০৩-২০২২ তারিখের ডিপিসি'র সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। শূণ্য ০৩টি পদের ছাড়পত্র মন্ত্রণালয় হতে পাওয়া যায়। ফলে ০৩টি সহ মোট ১৪টি পদ পূরণের জন্য পরবর্তী ডিপিসি'র সভায় খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি উপস্থান করা হবে।<br><u>প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় :</u><br>• উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) (গ্রেড-৬), সহকারী পরিচালক (অর্থ) (গ্রেড-৯), সহকারী পরিচালক (প্রশাসন) (গ্রেড-৯), সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯), সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩), হিসাব রক্ষক (গ্রেড-১৪), ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৪) ও ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) এর মোট ১৮টি শূন্য পদ পূরণের জন্য নিয়োগবিধি প্রণয়ন করা প্রয়োজন।<br>• উপ-প্রধান বয়লার পরিদর্শক (গ্রেড-৬) এর ১টি, বয়লার পরিদর্শক (গ্রেড-৯) এর ৫টি ও অফিস সহায়ক (গ্রেড-২০) এর ৯টি মোট ১৫টি শূন্য পদে পূরণের নিমিত্তে গত ২৫/০৪/২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় কর্তৃক নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়েছে।<br>• অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) এর শূন্য পদটি পদোন্নতির জন্য সংরক্ষিত।<br>• নতুন গাড়ী ক্রয়ের পর ড্রাইভার (গ্রেড-১৬) এর ০৫ টি শূন্য পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হবে।<br>• অফিস সহায়ক (গ্রেড-২০) এর ৯টি শূন্য পদ পূরণের নিমিত্তে সুপারিশ প্রদানের জন্য কার্যালয়ের বিভাগীয় নির্বাচন কমিটি/বাছাই কমিটির কার্যক্রম চলমান আছে।<br><u>এসএমই ফাউন্ডেশন :</u><br>• এসএমই ফাউন্ডেশনের মোট অনুমোদিত পদ ১৫৩টি।<br>• এর মধ্যে কর্মরত জনবল ৬৫টি, শূন্য পদ ৮৮টি।<br>• সহকারী ব্যবস্থাপকের শূন্যপদের নিয়োগের লক্ষ্যে ১৬ মে ২০২২-এ মৌখিক পরীক্ষা শেষ করা হয়।</td><td></td></tr>
<tr><td>১৪.</td><td>সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা-জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।<br><br>(নির্দেশনা নং-১৪)<br>১২/৪/২০০৯খ্রি.</td><td><u>বিএসইসি :</u><br>বিএসইসি'র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ জ্ঞাপন করা হচ্ছে।</td><td><u>বিএসইসি :</u><br>• বিএসইসি'র পণ্যসমূহের বিপণন প্রচার ও প্রসারের জন্য বিএসইসি'র উৎপাদিত পণ্যের তালিকাসহ ছবি, বিএসইসি'র অনলাইন সপ এর website: <u>www.bsecshop.gov.bd</u> এবং QR কোড যুক্ত করা হয়েছে।<br>• বিএসইসি'র স্মারক নং-৩৬.৯৩.০০০০.০২০.৪৬.০৪৬. ২১.১১৮২ তারিখঃ ১৬-১১-২০২১ মারফত বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ডিপিএম এ ক্রয়ের কার্যক্রম চলমান।<br>• একই স্মারক তারিখ মারফত বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠান ইষ্টার্ণ কেবলস লিমিটেড এর উৎপাদিত পণ্য ডিপিএম এ ক্রয়ের অনুরোধ জানিয়ে চেয়ারম্যান, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি, খুলনা, চেয়ারম্যান, নর্থ ওয়েস্ট পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি ঢাকা, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং চেয়ারম্যান, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (DESCO) কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>• বিএসইসি'র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠান (ডেসা, ডেসকো, বিআরইবি, বিপিডিবি, ওয়েস্ট জোন পাওয়ার কোম্পানি, ওয়াসা, গ্যাস কোম্পানি ইত্যাদি) এর সাথে</td><td>শিল্প মন্ত্রণালয়/ বিএসইসি ও অন্যান্য দপ্তর/ সংস্থা</td></tr>
</table>

| ক্রঃ | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | **বিএসএফআইসি :**<br>করপোরেশনের নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে। | নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।<br>**বিএসএফআইসি :**<br>• চিনিকলে চিনি উৎপাদনে ব্যবহৃত রিফাইন্ড সালফার সরকারি মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান টিএসপি কমপ্লেক্স, চট্টগ্রাম থেকে ক্রয় করা হয়।<br>• আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষিদের মধ্যে বিতরণ করা হয়।<br>• পদ্মা অয়েল কোং লি. হতে কীটনাশক ক্রয় করা হয়।<br>• চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি., বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়।<br>• নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়।<br>**বিটাক:**<br>নির্দেশ অনুসারে সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান-এর প্রস্তুতকৃত পণ্য সামগ্রী বিটাক ক্রয় করছে। | |
| ১৫. | মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmacuticals Ingredients (API) শিল্পপার্ক স্থাপন।<br><br>**(নির্দেশনা নং-১৫)**<br>১২/৪/২০০৯খ্রি. | এ্যাকটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট (এপিআই) শিল্প পার্ক (৩য় সংশোধিত)' প্রকল্প গ্রহণ করা হয়।<br><br>**বাস্তবায়ন মেয়াদ :** জানুয়ারি ২০০৮ হতে জুন ২০২১ পর্যন্ত।<br>• **প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | • মোট প্রকল্প ব্যয় ৩৮১০০.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ২৮৩২০.৪৪ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হারঃ আর্থিক ৯৪% এবং বাস্তব ১০০%।<br><u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u><br>• **প্রকল্পটি বাস্তবায়িত।** | বিসিক |
| ১৬. | চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ।<br><br>**(নির্দেশনা নং-১৬)**<br>১২/৪/২০০৯খ্রি. | ঢাকার জেলার সাভার উপজেলার কান্দিবৈলারপুর ও চন্দ্রনারায়নপুর মৌজা এবং কেরানীগঞ্জ উপজেলার চরনারায়নপুর মৌজায় ১৯৯.৪০ একর জমি নিয়ে ১৭৫.৭৫ কোটি টাকা ব্যয়ে "চামড়া শিল্পনগরী, ঢাকা" শিরোনামে প্রকল্প গ্রহণ করা হয়।<br>পরবর্তীতে ৪র্থ সংশোধনী ব্যয় ১০১৫.৫৬ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।<br>**বাস্তবায়নের মেয়াদ :** জানুয়ারি ২০০৩ হতে জুন ২০২১<br>• **প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।** | **<u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u>**<br>• মোট প্রকল্প ব্যয় ১০১৫৫৬.০০ লক্ষ টাকা এবং জুন, ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ৯৬২২৮.৭৬ লক্ষ টাকা।<br>• মাননীয় প্রধানমন্ত্রী গত ০৬ নভেম্বর ২০১৮ তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রকল্পটি উদ্বোধন করেছেন।<br>• অগ্রগতির হারঃ আর্থিক ৯৫% এবং বাস্তব ১০০%।<br>• **প্রকল্পটি বাস্তবায়িত।** | বিসিক |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৭. | বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (জেলা ৫)<br><br>**(নির্দেশনা নং-১৭)**<br>১২/৪/২০০৯খ্রি. | • ৫টি জেলা যথা: (১) ফরিদপুর, (২) রংপুর, (৩) ময়মনসিংহ, (৪) কক্সবাজার ও (৫) কুমিল্লায় বিএসটিআইএর আঞ্চলিক অফিস সম্প্রসারন ও শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ৩য় সংশোধিত প্রকল্পটি গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।<br><br>মেয়াদ : জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯।<br><br>**প্রকল্পটি ডিসেম্বর ২০১৯ এ সমাপ্ত হয়েছে।** | • 'বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (৫ জেলা) (৩য় সংশোধিত)' প্রকল্পটি বাস্তবায়নাধীন আছে।<br>• অনুমোদিত প্রকল্প ব্যয় ৫১৪৪.৫০ লক্ষ টাকা।<br>• বাস্তবায়ন মেয়াদকালঃ জুলাই ২০১১ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত।<br>• ২০১৯-২০২০ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ৭৭০.০০ লক্ষ টাকা।<br>• প্রকল্পের অনুকূলে ডিসেম্বর, ২০১৯ ক্রমপুঞ্জিত ব্যয় ৪৮৫৯.১৬ লক্ষ টাকা।<br>• অগ্রগতির হারঃ আর্থিক ৯৪.৪৫%, বাস্তব ১০০%।<br>**<u>প্রকল্পের বর্তমান অবস্থাঃ</u>**<br>**প্রকল্পটি বাস্তবায়িত।** | বিএসটিআই। |
| ১৮. | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ।<br><br>**(নির্দেশনা নং-১৮)**<br>১২/৪/২০০৯খ্রি. | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ কাযক্রম গ্রহণ করা হয়েছে। | **কৃষি ও খাদ্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণে গৃহিত কার্যক্রম:**<br>বিএসটিআই'র কার্যক্রম কৃষি ও খাদ্যজাত পণ্যের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট নয়। তবে বিএসটিআই'র কার্যক্রম কৃষি ও খাদ্যজাত পণ্য প্রক্রিয়াকরণেরক্ষেত্রে প্রসেস ফুডের মান নিয়ন্ত্রণ কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। বিএসটিআই মানসনদের আওতাভুক্ত বাধ্যতামুলক ২২৯টি পণ্যের মধ্যে কৃষি ও খাদ্যজাত পণ্যসহ মোট পণ্যের সংখ্যা ৭৬টি। যার মধ্যে কৃষিপণ্য ৪টি ও খাদ্যজাত পণ্য ৭২টি। উক্ত কার্যক্রমের আওতায় বিএসটিআই গৃহীত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:<br>• কৃষি ও খাদ্যজাত পণ্যের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা: ৪৫টি;<br>• কৃষি ও খাদ্যজাত পণ্যের বিরুদ্ধে পরিচালিত মোবাইল কোর্টের মাধ্যমে মামলা দায়েরের সংখ্যা: ৮৯টি;<br>• কৃষিজাত প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আদায়ের পরিমাণ: মোট ২২ লক্ষ ৭৭ হাজার টাকা;<br>• কারখানা সিলগালা ১ টি এবং বিভিন্ন মেয়াদে কারাদন্ড ১ জন।<br>• করোনা পরিস্থিতিতে মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে সকল উৎপাদক ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে সতর্ক করার লক্ষ্যে বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে। পাশাপাশি ভোক্তা সাধারণের জন্য নিরাপদ ও মানসম্পন্ন খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিএসটিআইয়ের জরুরী সেবা কার্যক্রম এবং দেশী ও আমদানিকৃত পন্যের নমুণা সংগ্রহ, পরীক্ষন ও লাইসেন্স/ছাড়পত্র প্রদান সংক্রান্ত সেবা অব্যাহত রয়েছে। এটি একটি চলমান প্রক্রিয়া। | বিএসটিআই। |
| ১৯. | বন্ধঘোষিত কল কারখানা পুনঃ চালুকরণ<br><br>**(নির্দেশনা নং-১৯)**<br>১২/৪/২০০৯খ্রি. | **বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা।**<br>• মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৬ আগষ্ট ২০১৫ তারিখে 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID)' এর সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ঢাকার মিরপুরস্থ BISFL কে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজয়পুরস্থ সাদামাটি প্রকল্পের উদ্ভূত সমস্যা সমাধান করতঃ বর্তমান বাজার চাহিদার আলোকে গাজীপুরের খিলগাঁও নারায়নকুল মৌজায় প্রায় ৪২ একর জমি নির্ধারণ করা হয়েছে। | • চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(২)-এ বর্ণনা করা হয়েছে।<br>• খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৭-এ বর্ণনা করা হয়েছে।<br>• ঢাকা লেদার কো. লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(৪)-এ বর্ণনা করা হয়েছে।<br>• বাংলাদেশ ইন্স্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি.(বিআইএসএফ), মিরপুর, ঢাকা।<br>• বিআইএসএফ কারখানার উৎপাদন সুস্ঠভাবে সম্পন্ন করার নিমিত্তে BISF এ BMR পদ্ধতিতে ১৯ আইটেম ক্রয়ের ব্যাপারে Consultant নিয়োগ নিমিত্ত গত ১৯-১০-২০২১ তারিখ EOI নোটিশটি সংবাদপত্র ও CPTU এর website এ প্রকাশিত হয় এবং ১৫-১১-২০২১ তারিখ পর্যন্ত EOI সিডিউল গ্রহণ করা হয়েছে। ০৪ (চার)টি প্রতিষ্ঠান EOI দরপত্র দাখিল করেছে এবং যাচাই-বাছাই শেষে ৪টি প্রতিষ্ঠানকে Short Listed করা হয়েছে।<br>বর্তমানে RFP Document প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | বিসিআইসি |

| ক্রঃ | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০. | চিনি আমদানি : বিএসএফআইসি বেসরকারী খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে।<br>**নির্দেশনা নং-২০)**<br>১২/০৪/২০০৯ | সরকারের নির্দেশনায় ২৮-০৯-২০১৭ এবং ১২-১১-২০১৭ তারিখের চুক্তি অনুযায়ী অনুমোদিত ১ লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ১০৭৮৯২.১৫০ মে.টন চিনি আমদানি করা হয়। ইতোমধ্যে ১০৭৮৯২.১৫০ মে.টন বিক্রয় হয়েছে। | নির্দেশনা ইতোমধ্যে প্রতিপালন হয়ে গিয়েছে বিবেচনায় এ প্যারাটি পরবর্তী প্রতিবেদনে উল্লেখ না করার অনুমতি চাওয়া হলে শিল্প মন্ত্রণালয়ের ২৮-১০-২০২০ তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তে বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করে চলমান তালিকা থেকে বাদ দেয়ার অনুরোধ জানানো হয়েছে। | বিএসএফআই সি |
| ২১. | চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা।<br>**(নির্দেশনা নং-২১)**<br>১২/০৪/২০০৯ | "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির বিষয়ে পরিকল্পনা কমিশনে ০৩-০১-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে নর্থবেঙ্গল চিনিকলকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষা (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | • নর্থবেঙ্গাল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা' (প্রাক্কলিত ব্যয়: ১০৯২.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: এপ্রিল ২০২১ - জুন ২০২৩ পর্যন্ত) প্রকল্প প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে ১৪-০৬-২০২১ তারিখে প্রেরণ করা হয়।<br>• ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ১০-০৪-২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয় এবং ২২-০৫-২০২২ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। | বিএসএফআই সি |
| ২২. | র-সুগার আমদানি<br>**(নির্দেশনা নং-২২)**<br>১২/৪/২০০৯খ্রি. | "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" এবং "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পদ্বয়ের সাথে রিফাইন্ড সুগার উৎপাদনের পরিকল্পনা ছিল। তবে পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রকল্পদ্বয়ের কার্যক্রম অসমাপ্ত রেখে সমাপ্ত করে নতুন ভাবে ঠাকুরগাঁও ও নর্থবেঙ্গাল চিনিকলে সমীক্ষা প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত দেয়া হয়েছে। | • উক্ত সমীক্ষা প্রকল্পে বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে করা হয়। পরবর্তীতে ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে 'ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণ ও বিট সুগার প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' প্রকল্প প্রস্তাব ২৮-০৩-২০২২ তারিখে এবং 'নর্থবেঙ্গাল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা' প্রকল্প প্রস্তাব করা হয়েছে।<br>• প্রকল্পদ্বয়ের ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব দুইটি পুনর্গঠন করে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ১০-০৪-২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। নর্থবেঙ্গাল চিনিকলের প্রকল্প প্রস্তাব নিয়ে ২২-০৫-২০২২ তারিখে পিইসি অনুষ্ঠিত হয়। | বিএসএফআই সি |
| ২৩. | রুগ্ন শিল্পের পুর্নবাসন<br>**(নির্দেশনা নং-২৩)**<br>১২/৪/২০০৯খ্রি. | প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপন ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | • গত ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখে এ সংক্রান্ত একটি গবেষণা প্রস্তাব প্রেরণ করা হলে গত ১৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় কর্তৃক কার্যাদেশ পাওয়া গেছে।<br>• শিল্প মন্ত্রণালয় হতে অর্থ ছাড়করণের জন্য ১৭/০৫/২০২২ তারিখে অর্থ বিভাগে পত্র প্রেরিত হয়েছে।<br>• প্রস্তাবিত বাজেটের উপর গত মার্চ/২০২১ মাসে শিল্প মন্ত্রণালয়ে দুই দফায় বাজেট রিভিউ মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২১-২২ অর্থ বছরে উক্ত গবেষণা সম্পাদনের জন্য ৫০ লক্ষ টাকা বাজেট বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিল্প মন্ত্রণালয়/ বিআইএম। |
| ২৪. | "রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার | ➢ ঠাকুরগাঁও চিনিকল ও নর্থবেঙ্গাল চিনিকলকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার নিমিত্ত চিনিকলদ্বয়ে সমীক্ষা প্রকল্প গ্রহণের জন্য যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম | **বিএসএফআইসি:**<br>বিদেশী প্রতিষ্ঠানের সাথে বিএসএফআইসি'র ৩টি MoU স্বাক্ষরিত হয়েছে। যেগুলোর মধ্যে<br>(1)Sharkara International of UAE, (Sugar International Consortium নামে নতুন Consortium গঠন করা হয়েছে। Joint Venture পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত 'Sugar | বিসিআইসি/ বিসিক/ বিএসএফআই |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | করতে হবে"<br><br>**(নির্দেশনা নং-২৪)**<br>২২/০৫/২০১৮ | চালমান।<br>➢কেরু অ্যান্ড কোম্পানীতে একটি আধুনিক "অনুজীব ল্যাবরেটরি স্থাপন ও কেরু ডিষ্টিলারি কারখানার জন্য একটি ইটিপি স্থাপন" প্রকল্প গ্রহণের নির্দেশনামতে ডিষ্টিলারি কারখানার জন্য ইটিপি প্রকল্প স্থাপনার কাজে কেরু ডিষ্টিলারির ইফ্লুয়েন্ট/বর্জ্য বুয়েট, ঢাকাতে অ্যানালাইসিস করার জন্য প্রদান করা হয়েছে। এ বিষয়ে বুয়েটের রিসোর্স পার্সোনসহ সভা করা হয়েছে, সভার নির্দেশনা অনুযায়ী নতুন ভাবে ড্রয়িং ডিজাইন প্রণয়ন কাজ চলমান।<br>এছাড়াও বিদেশী প্রতিষ্ঠানের সাথে বিএসএফআইসি'র ৩টি MoU স্বাক্ষরিত হয়েছে এবং বেশ কছু বিনিয়োগ প্রস্তাব রয়েছে সেগুলোর মূল্যায়ন কার্যক্রম চলমান।<br>**বিসিক:**<br>রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন এবং রুগ্ন শিল্প ইউনিট চালু করার কার্যক্রম চলমান রয়েছে। | International Co.' এর সহিত Negotiation শেষে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত অনুমোদনের জন্য প্রেরণ করা হলে সরকারের নির্দেশনামতে প্রস্তাবনার বিপরীতে Soverign Gurantee ৫০:৫০ করণে 'Sugar International Co.' সম্মত আছে কিনা তা জানতে চেয়ে Dr. Terapal Pruksathorn বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। company শেয়ার রেশিও ও Soverign Gurantee এর বিষয়ে ২৭-০৪-২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। পরবর্তী সিদ্ধান্তের অপেক্ষায় রয়েছে।<br>(2) VSS Consultancy & Management BV, নেদারল্যান্ড কর্তৃক প্রস্তাবিত প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট দাখিল করার সময়সীমা ১২-০৫-২০২২ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এখন পর্যন্ত ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট দাখিল করেনি। এছাড়াও আরোও কিছু বিনিয়োগ প্রস্তাব রয়েছে সেগুলোর মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।<br>**বিসিক:**<br>▪ বিসিকের ৭৯ টি শিল্পনগরীতে শিল্প প্লট ১১,৬৩৬টি, শিল্প ইউনিট ৫,৯৯৮টি, বরাদ্দকৃত প্লটের উৎপাদনরত শিল্প ইউনিট ৪,৭৬৯টি, রুগ্ন শিল্প ইউনিট ৫৯৪টি।<br>▪ বিসিকের বিভিন্ন শিল্পনগরীতে বরাদ্দযোগ্য খালি প্লটে আগ্রহী শিল্প উদ্যোক্তাদের শিল্প স্থাপনের জন্য ৫০০টি প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকা, "বাংলাদেশ প্রতিদিন" ও "দৈনিক ইত্তেফাক" এ ২৯ মার্চ, ২০২২ তারিখে প্রকাশিত হয়েছে।<br>▪ ২০২১-২২ অর্থবছরে রুগ্ন শিল্প ইউনিট চালু হয়েছে মোট ৪১টি। | সি |
| ২৫. | আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে।<br>**(নির্দেশনা নং-২৫)**<br>২২/৫/২০১৮ খ্রি. | "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। | • উক্ত প্রকল্পের যাচাই কমিটির সভা ১৬-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্পের উপর বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা ২৩-০১-২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন কাজ চলমান। এ প্রকল্প বাস্তবায়ন হলে বিট হতে চিনি উৎপাদন কার্যক্রম চলবে।<br>• সুগার বিট পরীক্ষামূলকভাবে বিএসআরআই এর মাধ্যমে সুগারমিলসমূহের খামারে চাষ করা হচ্ছে। তাদের সাথে বিএসএফআইসির যোগাযোগ আছে। বিএসআরআই হতে জানা যায় যে, বাংলাদেশের আবহাওয়ায় ট্রপিক্যাল সুগারবিট চাষাবাদ সম্ভব। সুগার বিট ব্যবহারের প্লান্ট/ক্ষেত্র না থাকায় ব্যাপকভাবে চাষাবাদ করা হচ্ছে না। | বিএসএফআই সি |
| ২৬. | রাজশাহী ও চট্টগ্রামে আরও ২টি চামড়া শিল্পনগরী স্থাপন।<br><br>**(নির্দেশনা নং-২৬)**<br>০৭/১১/২০১৭ | আগামী ২ (দুই) মাসের মধ্যে স্থান নির্ধারণ করে ডিপিপি প্রণয়নের কাজ করবে। | **বিসিক লেদার এন্ড লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পপার্ক, মিরসরাই, চট্টগ্রাম**<br>▪ মিরসরাই বেজা হতে জমি বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হলে বেজা থেকে জানানো হয় যে, জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয়।<br>▪ বিসিক চেয়ারম্যান মহোদয় ১৬-০৭-২০২১ তারিখে মিরসরাইতে বেজার অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন নতুন জায়গা পরিদর্শন করেন।<br>▪ জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর উক্ত জমি অধিগ্রহণের সম্মতি চাওয়া হয়েছে।<br>▪ উল্লেখ্য প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরের সবুজপাতাভুক্ত নয়।<br>**"বিসিক লেদার এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাজশাহী"** | বিসিক |

| ক্র নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | ▪ প্রকল্পের যাচাই বাছাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী CETP স্থাপনের সম্ভাব্যতা, পানির উৎস, শিল্প নগরীতে ব্যবহৃত পানি পরিবেশ সম্মতভাবে ডিসচার্জ করার পর্যাপ্ত সুবিধা, গ্যাসের প্রাপ্যতা ইত্যাদি বিষয়গুলো যাচাইকরণের জন্য অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় এর নেতৃত্বে গঠিত ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।<br>▪ কমিটির সুপারিশের আলোকে রাজশাহী- নওগাঁ/রাজশাহী- নাটোর মহাসড়কের পাশে ৫০০ একর জমি বরাদ্দের সম্মতিপত্রের জন্য জেলা প্রশাসক রাজশাহী বরাবর পত্র প্রেরণ করা হলে জেলা প্রশাসন থেকে রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন স্বরূপনগর ও ভরুয়াপাড়া মৌজায় মাত্র ১২৪.২১০১ একর জমির মূল্যসহ সম্মতিপত্র পাওয়া গেছে।<br>▪ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনকরত প্রকল্প এলাকার লে-আউট ডিজাইন, ড্রইং এবং পূর্তকাজের প্রাক্কলনের কাজ চলমান।<br>▪ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। | |
| ২৭. | সাভার চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা গ্রহণ।<br><br>**(নির্দেশনা নং-২৭)**<br>০৬/১১/২০১৮ | বিদ্যমান চামড়া শিল্পনগরী সংলগ্ন এলাকায় আরও ২০০ একর জমি অধিগ্রহণ করার মাধ্যমে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে যাতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা রাখা হবে। আগামী ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | • বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের উপর ০৭/০২/২০২২ তারিখে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের সুপারিশের আলোকে 'বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা' শীর্ষক প্রস্তাবিত ডিপিপি পুনর্গঠন করে প্রেরণ করা হবে।<br>• বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপিতে শিল্পনগরীর শ্রমিকদের জন্য আবাসনের সংস্থান (৬.৫৯ একর জায়গা) রাখা হয়েছে।<br>• উল্লেখ্য, প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরের আরএডিপি-তে অন্তর্ভুক্ত নয়। | বিসিক |
| ২৮. | চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ।<br><br>**(নির্দেশনা নং-২৮)**<br>০৬/১১/২০১৮ | এ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার বাস্তবায়নের জন্য মহাপরিচালক ,প্রাণিসম্পদ অধিদপ্তর-কে অনুরোধ জানানো হয়েছে। | চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য প্রস্তাবিত চামড়া শিল্পনগরী, ঢাকা (৪র্থ সংশোধনী) তে অন্তর্ভুক্ত করা হলে পরিকল্পনা কমিশন গত ০৭-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় এ ধরণের প্রশিক্ষণ কার্যক্রমটি ডিপিপি থেকে বাদ দিতে নির্দেশনা প্রদান করে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। তবে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা"তে এই ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য একটি লেদার ইনস্টিটিউট করার প্রস্তাব করা হয়েছে। এজন্য শিল্প নগরীতে ২.৪১ একর জায়গার সংস্থান রাখা হয়েছে। উদ্যোক্তাদের অর্থায়নে এ প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হবে। | বিসিক |

বাস্তবায়িত নির্দেশনাসমূহ:

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | নির্দেশনা প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১. | জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে। | ১৮/১০/২০১৬ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০২. | প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/লেক/পুকুর/খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়। | ০১/১২/২০১৫ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৩. | "দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।" | ০৫/৩/২০১৮ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৪. | যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে। | ১৮/০৯/২০১৪ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৫. | শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্মসংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে। | ২৪/০৮/২০১৪ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৬. | শিল্পের মালিকানা সরকারি,বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে। | | | - | বাস্তবায়িত |
| ০৭. | মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলিটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস, মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি ফেজ-২। | | | - | বাস্তবায়িত |
| ০৮. | মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন। | | | - | বাস্তবায়িত |
| ০৯. | নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ। | | | - | বাস্তবায়িত |
| ১০. | এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন। | | | - | বাস্তবায়িত |
| ১১. | বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সার্টিফিকেটকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করা। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১২. | বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার। | | | - | বাস্তবায়িত |
| ১৩. | হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি। | | | - | বাস্তবায়িত |
| ১৪. | বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ১৫. | মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থউন্ন অবস্থার সামাজিক-য়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | নির্দেশনা প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ১৬. | রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৭. | "শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লি." এবং "নর্থও-য়েস্ট ফার্টিলাইজার কোম্পানি লি." শীর্ষক প্রকল্পদ্বয় গ্রহণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৮. | চিনিকলসমূহে উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭(সাত) টি চিনিকলের পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন প্রতিস্থাপন করা। | | | - | বাস্তবায়িত |
| ১৯. | বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (সংশোধিত) প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ২০. | কেরুজ সুগার মিলে (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অর্গানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা। | | | - | বাস্তবায়িত |
| ২১. | বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২২. | সিলেট ও বরিশাল বিভাগে বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ণ প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২৩. | Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Labeling (BRESL). | | | - | বাস্তবায়িত |
| ২৪. | কারখানার শ্রমিকদের চাকরির বয়স বৃদ্ধিকরণ। | | | - | বাস্তবায়িত |
| ২৫. | নতুন শিল্প কারখানা স্থাপন পদক্ষেপ গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৬. | ডিএপি সার ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা এবং এ সম্পর্কে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৭. | ফুড প্রসেসিং ইউনিট স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ২৮. | আখ চাষীদের স্বার্থ সংরক্ষণ। | | | - | বাস্তবায়িত |
| ২৯. | চিনিকলের অব্যবহৃত জমি লীজ প্রদান। | | | - | বাস্তবায়িত |
| ৩০. | রংপুরে শতরঞ্জি শিল্পের বিকাশের জন্য নিশবেতগঞ্জে শতরঞ্জি পল্লী স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ৩১. | জাতীয় শিল্পনীতি ২০১০। | | | - | বাস্তবায়িত |
| ৩২. | Modernization & Strengthening of BSTI (বিএসটিআই এর আধুনিকায়ন) | | | - | বাস্তবায়িত |